# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 29, 1432 Bangla, April 12, 2026, Sunday, No. 99, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has greeted country's media workers on occasion of Bengali New Year, pledging to build self reliant Bangladesh. (Jago FM: 13)

Education Minister A N M Ehsanul Hoque Milon has said, he will write a special letter to Electricity Department to ensure no load shedding during upcoming SSC examination. (Jago FM: 14)

Bangladesh has imported additional 8,000 metric tons of diesel from India through Bangladesh-India Friendship Pipeline. (Jago FM: 18)

To prevent an artificial shortage of edible oil nationwide, RAB has seized about 50,000 liters of illegally stored fuel and edible oil during operations in various districts of country. (Jago FM: 13)

Government has begun work in full swing to restore water flow to one of Dhaka's most important canals, the Zia Sarani Canal. (Jago FM: 16)

RAB has begun preparing a list of extortionists across country to take swift legal action against them. (Jago FM: 15)

A Pir, Shamim Reza alias Jahangir has been beaten to death by angry locals in Kushtia, on charges of making offensive and derogatory comments about the Holy Quran. (DW: 12)

Palestinian Embassy in Dhaka has expressed deep condolences condemnimg death of a Bangladeshi woman in Lebanon in Israeli attack. (Jago FM: 16)

Report said, first round of talks between Iran and United States in Pakistani capital Islamabad have ended positively. (BBC: 11)

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048 44813179** | **Assistant News Controller: 44813047 44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ২৯, বাংলা ১৪৩২, এপ্রিল ১২, ২০২৬, রবিবার, নং- ৯৯, ৫৬তম বছর**

# শিরোনাম

বাংলা নববর্ষ উপলক্ষে দেশের গণমাধ্যম কর্মীদের শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বাংলাদেশকে স্বনির্ভর করে গড়ে তুলতে হবে। (জাগো এফএম: ১৩)

আসন্ন এসএসসি পরীক্ষা চলাকালে লোডশেডিং বন্ধ করতে বিদ্যুৎ বিভাগকে বিশেষ চিঠি দেবেন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। (জাগো এফএম: ১৪)

বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইনের মাধ্যমে ভারত থেকে আরও ৮ হাজার টন ডিজেল দেশে আনা এসেছে। (জাগো এফএম: ১৮)

ভোজ্যতেলের কৃত্রিম সংকট ঠেকাতে র্যাব দেশের বিভিন্ন জেলায় অভিযান চালিয়ে প্রায় ৫০ হাজার লিটার অবৈধ মজুত জ্বালানি ও ভোজ্যতেল জব্দ করেছে। (জাগো এফএম: ১৩)

ঢাকার অন্যতম গুরুত্বপূর্ণ ‘জিয়া সরণি খাল’ পুনরুদ্ধার ও পানিপ্রবাহ সচল করার কাজ পুরোদমে শুরু করেছে সরকার। (জাগো এফএম: ১৬)

দেশজুড়ে চাঁদাবাজদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা নিতে তাদের তালিকা তৈরি করছে র্যাব। (জাগো এফএম: ১৫)

কুষ্টিয়ায় পবিত্র কোরআন শরিফ নিয়ে আপত্তিকর ও অবমাননাকর মন্তব্য করার অভিযোগে শামীম রেজা ওরফে জাহাঙ্গীর নামে কথিত এক পীরকে পিটিয়ে হত্যা করেছে বিক্ষুব্ধ এলাকাবাসী। (ডয়েচে ভেলে: ১২)

ইসরায়েলি হামলায় লেবাননে বাংলাদেশি এক নারীর মৃত্যুতে নিন্দা জানিয়ে ঢাকায় অবস্থিত ফিলিস্তিনি দূতাবাস গভীর শোক প্রকাশ করেছে। (জাগো এফএম: ১৬)

পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে প্রথম দফার আলোচনা ইতিবাচকভাবে সম্পন্ন হয়েছে বলে রিপোর্টে বলা হয়েছে। (বিবিসি: ১১)

# বিবিসি

## কুষ্টিয়ায় 'দরবারে' হামলা চালিয়ে কথিত পীরকে হত্যা, কী হয়েছিল সেখানে?

কুষ্টিয়ার দৌলতপুরে কোরআন শরিফ অবমাননার অভিযোগ এনে একটি দরবার বা আস্তানায় হামলা, অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এই হামলায় ওই দরবারের কথিত প্রধান পীর আব্দুর রহমান ওরফে শামীম নিহত হয়েছে বলে জানিয়েছে পুলিশ। শনিবার কুষ্টিয়ার ফিলিপনগর ইউনিয়নের দারোগার মোড় এলাকায় অবস্থিত 'শামীম বাবার দরবার শরিফ' এ এই ঘটনা ঘটে বলে পুলিশ ও স্থানীয়রা জানিয়েছে। হামলায় আরো দুইজন আহত হয়েছেন বলেও বিবিসি বাংলাকে জানিয়েছেন কুষ্টিয়ার পুলিশ সুপার মোহাম্মদ জসীম উদ্দিন। তার দাবি, তিন বছর আগের একটি ভিডিওর সূত্র ধরে কোরআন অবমাননার অভিযোগ এনে দুপুরের দিকে স্থানীয় একদল লোক একত্রিত হয়ে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ চালায়। পরে আহত অবস্থায় তিনজনকে দৌলতপুরের থানা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে নেওয়া হয়। সেখানকার দায়িত্বরত চিকিৎসক বিবিসি বাংলাকে জানিয়েছে, আহত অবস্থায় তিনজনকে হাসপাতালে ভর্তি করা হলে হাসপাতালেই চিকিৎসাধীন অবস্থায় মারা যান মি. শামীম। হামলা ও ভাঙচুরের ঘটনার কিছু ভিডিও গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। এতে দেখা যায়, হাতে লাঠিসোঁটা নিয়ে কয়েকশ লোক প্রথমে হামলা ও ভাঙচুর চালায় ওই দরবারে। পরে সেখানে আগুন ধরিয়ে দেওয়া হয়। তখন সেখানে উপস্থিত ছিলেন স্থানীয় সাংবাদিক আহমেদ রাজু। ঘটনাস্থল থেকে তিনি বিবিসি বাংলাকে জানান, হামলার পর পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করে। দুপুর থেকে চলা এই হামলা ও ভাঙচুরের পর বিকেলের দিকে পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে আসে বলে পুলিশ জানায়। নিহত শামীম ২০২১ সালে ধর্মীয় অনুভূতিতে আঘাতসহ বিভিন্ন অভিযোগে দায়ের হওয়া মামলায় তিন মাস কারাগারে ছিলেন বলেও জানিয়েছে পুলিশ।

### ঘটনার সূত্রপাত যেভাবে

এই ঘটনা নিয়ে প্রত্যক্ষদর্শী সাংবাদিক, পুলিশ ও হাসপাতালের চিকিৎসকদের সাথে কথা বলেছে বিবিসি বাংলা। স্থানীয়রা জানান, কুষ্টিয়ার দৌলতপুরের ফিলিপনগর ইউনিয়নের দারোগার মোড় এলাকায় অবস্থিত 'শামীম জাহাঙ্গীর দরবার শরিফ'। ওই এলাকার শামসুল ইসলাম মাস্টারের ছেলে আব্দুর রহমান ওরফে শামীম নিজেকে ওই দরগার পীর দাবি করেন বলে বিবিসি বাংলাকে জানান দৌলতপুরের গণমাধ্যমকর্মী আহমেদ রাজু। শামীমের একটি ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। ভিডিওতে মুসলমানদের পবিত্র ধর্মগ্রন্থ কোরআন শরিফ নিয়ে বিতর্কিত মন্তব্য করা হয় বলেও জানান মি. রাজু। "শামীমের ওই বক্তব্যের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে স্থানীয় বাসিন্দারা এ নিয়ে প্রতিক্রিয়া দেখায়। পরে শনিবার দুপুর ১টার দিকে স্থানীয়রা জড়ো হয়ে ফিলিপনগরে অবস্থিত শামীমের দরবার শরিফ ঘেরাও করে। এক পর্যায়ে উত্তেজিত জনতা দরবারে হামলা চালিয়ে ভাঙচুর ও একাধিক কক্ষে অগ্নিসংযোগ করেন," বলছিলেন মি. রাজু।

এদিকে, পুলিশের দাবি, যেই ভিডিওটি ঘিরে এই হামলার ঘটনাটি ঘটেছে, সেই ভিডিওটি এখন থেকে অন্তত তিন বছর আগের, ২০২৩ সালের। কুষ্টিয়ার পুলিশ সুপার মোহাম্মদ জসীম উদ্দিন বিবিসি বাংলাকে বলেন, "২০২৩ সালের তার একটি ভিডিও এখন সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। ওই ভিডিওকে কেন্দ্র করে আগেও সেখানে উত্তেজনা তৈরি হয়েছিল। তারপর ওনার এরকম কার্যক্রম চোখে পড়েনি। আজকেও বিষয়টি নিয়ে আলোচনা হয়।" "সেই আগের ভিডিও দেখে স্থানীয়রা উত্তেজিত অবস্থায় আসে। যারা এই হামলা চালিয়েছে, তারা সবাই স্থানীয়," বলছিলেন মি. উদ্দিন।

### পিটিয়ে ও কুপিয়ে হত্যা

ওই হামলার ঘটনার বেশ কয়েকটি ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। এতে দেখা যায়, হাতে লাঠিসোঁটা নিয়ে শত শত মানুষ ফিলিপনগরের ওই দরবারটিতে ঢুকে হামলা চালাচ্ছে। হামলায় স্থানীয় তরুণ, শিশু ও কিশোরদেরও অংশ নিতে দেখা যায়। হামলার এক পর্যায়ে তাদের সেখানে আগুন জ্বালিয়ে দিতেও দেখা গেছে। প্রত্যক্ষদর্শী সাংবাদিক আহমেদ রাজু বিবিসি বাংলাকে বলেন, "প্রথমে স্থানীয়রা ওই দরবার শরিফ ঘেরাও করে। সে সময় দরবার শরিফের ভেতরেই ছিলেন মি. শামীম ও তার দুইজন অনুসারী।" তিনি জানান, হামলাকারীরা লাঠিসোঁটা নিয়ে হামলা চালিয়ে শামীমসহ তিনজনকে আহত করে। গুরুতর আহত অবস্থায় ওই তিনজনকে সেখান থেকে উদ্ধার করে নেওয়া হয় দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, পুলিশের পাশাপাশি সেখানে আগুন নেভানোর কাজে ব্যস্ত ছিলেন ফায়ার সার্ভিসের কর্মীরা। পুলিশ সুপার জানান, দুপুর ১টা থেকে প্রায় পৌনে ৩টা পর্যন্ত সেখানে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে। পরে সেখান থেকে আহত অবস্থায় তিনজনকে হাসপাতালে নিয়ে যায় পুলিশ। পুলিশ সুপার জসীম উদ্দিন বিবিসি বাংলাকে বলেন, "পুলিশ ঘটনার সাথে সাথে গিয়েছিল। তারা ঠেকানোরও চেষ্টা করেছে। আহতদের উদ্ধার করে হাসপাতালেও নিয়ে গেছে পুলিশ।" পুলিশের দাবি, তিনজনের মধ্যে সবচেয়ে গুরুতর অবস্থা ছিল কথিত পীর শামীমের। তাকে পিটিয়ে ও কুপিয়ে আহত করা হয়েছিল। আহত অবস্থায় ওই তিনজনকে যখন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয় তখন বিকেল ৩টায়।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক মো. তৌহিদুল হাসান তুহিন বিবিসি বাংলাকে বলেন, "কথিত পীর শামীমকে যখন হাসপাতালে আনা হয়, তখনও তিনি জীবিত ছিলেন। বিকেল ৩টা ২০ মিনিটের দিকে তিনি হাসপাতালে মারা

যায়।” ওই চিকিৎসক জানান, নিহত শামীমের শরীরে জখমের চিহ্ন ছিল। মি. তুহিন বলেন, “আমাদের ধারণা, তাকে পিটিয়ে ও কুপিয়ে জখম করা হয়েছে। বাকি যে দুইজন আহত অবস্থায় ভর্তি রয়েছে, তাদের অবস্থা আশঙ্কামুক্ত।”

**পুলিশ ও পরিবার যা বলছে**

বিকাল ৫টা পর্যন্ত ওই দরবার এলাকায় শত শত মানুষ দরবার শরিফ এলাকায় অবস্থান করছিল। সেখানে মোতায়েন করা হয়েছে অতিরিক্ত পুলিশ। তখনও সেখানে বিচ্ছিন্নভাবে দরবারের জিনিসপত্র ভাঙচুর চালাতে দেখেছেন স্থানীয় সাংবাদিক আহমেদ রাজু। তিনি বিবিসি বাংলাকে জানান, পুলিশ ফায়ার সার্ভিসের উপস্থিতিতেও সেখানে দফায় দফায় হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। সন্ধ্যায় পুলিশ সুপার মোহাম্মদ জসীম উদ্দিন বিবিসি বাংলাকে বলেন, সন্ধ্যায় পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে আসে। আমরা সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করেছি। বিগত অন্তর্বর্তীকালীন সরকারের আমলে সারা দেশের বিভিন্ন জায়গায় মাজারে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছিল, যা নিয়ে নানা সমালোচনাও হয়। এখন আবারও এই ধরনের হামলার ঘটনা কেন পুলিশ নিয়ন্ত্রণে আনতে পারলো না, সেই প্রশ্নও করা হয়েছিল পুলিশ সুপারের কাছে। জবাবে তিনি বলেন, “সেখানে সবাই ছিল স্থানীয়। তারা প্রচণ্ড আক্রোশ নিয়ে কাজটি করেছে। কোরআন নিয়ে কথাবার্তা বলেছে, সে কারণে হয়ত স্থানীয়রা খুব ক্ষুব্ধ ছিল।” তবে তিনি জানান, নিহতের পরিবারের পক্ষ থেকে মামলা করা হলে, এ বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি। তবে নিহত শামীমের পরিবার জানিয়েছে, এই ঘটনায় তারা মামলা করতে চাচ্ছে না। নিহতের বড়ো ভাই গোলাম রহমান বিবিসি বাংলাকে বলেন, “আমরা বুঝতে পারতেছি না, আসলে কী করবো। আমার ভাই মারা গেছে। আপাতত এতটুকুই। আমরা খুব নির্ঝঞ্ঝাট মানুষ। কোনো ঝামেলায় যেতে চাই না বলে মামলাও করতে চাই না।” তবে ঠিক কী কারণে মামলায় আগ্রহী নন, সেটি তিনি বলতে চাননি। শামীমের বিরুদ্ধে ২০২১ সালেও ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগ উঠেছিল এবং বিভিন্ন অভিযোগে তার বিরুদ্ধে মামলা ছিল বলে জানান দৌলতপুর থানার ওসি (তদন্ত) শেখ মোহাম্মদ আলী মোর্তুজা। বিবিসি বাংলাকে তিনি বলেন, “ওই সময় আমি এই থানায় ছিলাম না। তবে আমরা শুনেছি, সে তিন মাস জেল খেটেছিল তখন।”(বিবিসি ওয়েব পেজ : ১১.০৪.২০২৬ আলী আহমেদ)

## 'দল বাঁচাতে' শীর্ষ নেতাদের দেশে ফিরতে বলছে আওয়ামী লীগের তৃণমূল

“মনে করেছিলাম, বিএনপি ক্ষমতায় আসলে আমরা হয়ত একটু এলাকায় ফেরার সুযোগ পাবো। সাংগঠনিক কার্যক্রমও হয়ত ধীরে ধীরে শুরু হবে। আওয়ামী লীগের নিষেধাজ্ঞাও থাকবে না। কিন্তু এখন যেটা হলো, এটা আমরা আশা করি নাই। অবস্থা আগের মতোই।” কথাগুলো বলছিলেন বাংলাদেশে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের একজন তৃণমূল নেতা আরিফুল ইসলাম। এটি তার ছদ্মনাম। মি. ইসলাম ঢাকার বাইরে আওয়ামী লীগের একটি জেলার উপজেলা কমিটির সেক্রেটারি। তিনি যেটা বলছেন, তৃণমূলে আওয়ামী লীগের অনেকের মনোভাব একই রকম। মূলত, নির্বাচনে জয়ী হয়ে বিএনপি সরকার গঠন করলে আওয়ামী লীগ হয়ত কিছু কার্যক্রমের সুযোগ পাবে, এমনটাই আশা ছিল আওয়ামী লীগের অনেকের। কিন্তু নির্বাচনের পর দেখা যাচ্ছে, তেমনটা তো ঘটেইনি, বরং বিএনপি সরকারের সময়ে এসে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ-সংক্রান্ত সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী বিলও সংসদে পাস হয়ে গেছে। ফলে আইনগতভাবে আওয়ামী লীগের সামনে প্রকাশ্যে রাজনীতি করার সুযোগ আর থাকলো না। কিন্তু এমন অবস্থায় কী ভাবছেন দলটির শীর্ষ নেতারা? আবার নেতাদের বেশিরভাগটাই যখন বিদেশে, তখন তৃণমূলেই বা এর কী প্রভাব পড়ছে?

**নির্বাচনের পর কার্যালয় খোলার চেষ্টা, এখন কী অবস্থা?**

বাংলাদেশে গত ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচনের পরদিন থেকেই দেশের বিভিন্ন স্থানে কার্যালয় খুলতে দেখা যায় আওয়ামী লীগের নেতা-কর্মীদের। তবে সেগুলো ছিল অনেকটাই ঝটিকা তৎপরতা। অর্থাৎ, অল্প সময়ের জন্য ধ্বংসপ্রাপ্ত কার্যালয়ে গিয়ে তালা খুলে ভেতরে ঢোকা এবং কিছুক্ষণ স্লোগান দিয়ে আবার বের হয়ে যাওয়া। আওয়ামী লীগের এরকমই একটি কার্যালয় খুলনা শহরের হাদিস পার্কে। শেখ হাসিনা সরকারের পতনের সময় যেটি ব্যাপক হামলা-ভাঙচুরের শিকার হয়। গত ফেব্রুয়ারির জাতীয় সংসদ নির্বাচনের তিনদিনের মাথায় সেই কার্যালয়ে প্রবেশ করতে দেখা যায়, আওয়ামী লীগের কয়েকজন নেতা-কর্মীকে। অফিসের নিচতলার কলাপসিবল গেটের তালা খুলে দ্বিতীয় তলায় গিয়ে তারা শেখ মুজিবুর রহমান এবং আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান এবং স্লোগান দেন। কিন্তু সেই খবর ছড়িয়ে পড়ার পর শহরে ব্যাপক প্রতিক্রিয়া হয়। আবারও কার্যালয়টি হামলার শিকার হয়। এরপর থেকে আওয়ামী লীগের আর কোনো নেতা-কর্মী কার্যালয়ে ঢোকার চেষ্টা করেননি বলে জানাচ্ছেন স্থানীয়রা। গত মঙ্গলবার সরেজমিনে গিয়ে দেখা যায়, কার্যালয়টি পরিত্যক্ত অবস্থাতেই আছে। বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচনের পর খুলনার মতোই এরকম দেশের বিভিন্ন স্থানে দলীয় কার্যালয়ে প্রবেশ কিংবা কার্যালয় খোলার চেষ্টা করেছিল আওয়ামী লীগ। একদিকে নির্বাচনে বিএনপির বিজয়, অন্যদিকে বিভিন্ন স্থানে আওয়ামী লীগের কার্যালয় খোলা- সেসময় এসবের পেছনে বিএনপির প্রচ্ছন্ন সমর্থন থাকতে পারে, এমন আলোচনা তৈরি হয় রাজনীতিতে। যদিও বিএনপি সেটা অস্বীকার করে। তবে বাস্তবতা যেটাই হোক, শেষ পর্যন্ত দেশের কোনো স্থানেই পরে আর আওয়ামী লীগের কার্যালয় খোলা রাখা বা কার্যক্রম পরিচালনা সম্ভব হয়নি। যদিও দলটির স্থানীয় নেতা-কর্মীরা মনে করেছিলেন, নির্বাচনের পর দলীয় কার্যক্রম 'সীমিত পর্যায়ে' হলেও শুরু করা যাবে। এমনকি খুলনায়

আওয়ামী লীগের কার্যালয় খোলার চেষ্টার পেছনে স্থানীয় বিএনপি এবং জামায়াতের প্রচ্ছন্ন সমর্থন আছে, এমন আলোচনাও পাওয়া যায় খুলনার রাজনীতিতে। তবে বিএনপি এবং জামায়াত উভয় দলই সেটা নাকচ করেছে।

খুলনায় আওয়ামী লীগের একজন নেতা পরিচয় প্রকাশ না করার শর্তে বিবিসি বাংলাকে বলেছেন, "আপাতত আত্মগোপনে থেকে নেতা-কর্মীদের সঙ্গে সংযোগ রক্ষা করাটাই এখন তাদের দলীয় কাজ।" তিনি বলেন, "গ্রাম পর্যায়ের যারা কারাগারে আছেন, তাদের অনেককেই বের করা হয়েছে। বাকি যে দুয়েকজন আছে, তাদেরকেও বের করার চেষ্টা হচ্ছে। এক/দুইজন করে কাউকে কাউকে আমরা এলাকায় পাঠাচ্ছি। দেখার চেষ্টা করছি, কী হয়। অনেকেই এখন এলাকায় ফিরতে পেরেছেন।"

**নির্বাচনের পরে পরিস্থিতি অনুকূলে আসতে পারে, এমন ধারণার কারণ কী?**

জাতীয় সংসদ নির্বাচনের আগে আওয়ামী লীগের সাধারণ ভোটারদের ভোট কোন দিকে যাবে, তা নিয়ে টানাটানি ছিল বিএনপি এবং জামায়াত, দুই দলের মধ্যে। এই সময়ে ইউনিয়ন পর্যায়ে আওয়ামী লীগের সাধারণ নেতা-কর্মীদের অনেকেই এলাকায় ফেরার সুযোগ পান। তারা ফিরতে গিয়ে বাধার মুখেও পড়েননি। কারণ তাদের মাধ্যমে আওয়ামী লীগের ভোট টানার চেষ্টা ছিল বিএনপি ও জামায়াতের মধ্যে। "আমাকে বিএনপির প্রার্থী নিজেই ফোন দিয়েছিল। উনি বললো, এলাকায় আসেন। আমি এলাকায় যাওয়ার পর জামায়াতের প্রার্থীও আমার কাছে এসে ভোট চায়। তবে আমি কারো পক্ষে প্রচারণায় নামিনি।" বিবিসি বাংলাকে বলছিলেন, দেশের দক্ষিণাঞ্চলের ইউনিয়ন পর্যায়ের একজন নেতা। তবে এলাকায় ফিরতে পারলেও, রাজনীতির সুযোগ নেই বলে জানাচ্ছেন তিনি। তিনি বলেন, "রাজনীতি করতে গেলেই কিন্তু জামায়াতও ধরবে, বিএনপিও ধরবে। মানে আমি এলাকায় থাকি, ব্যবসা করি, চলাফেরা করি- এসবে সমস্যা নাই। কিন্তু রাজনীতি বা এরকম কিছু করার চেষ্টা করলেই সমস্যা হবে। যদিও মনে করেছিলাম নির্বাচনের পরে রাজনীতি আটকাবে না। কিন্তু অবস্থা আসলে খারাপ।" তৃণমূলের সাধারণ নেতারা এলাকায় ফিরতে পারলেও, দলের মধ্যে যারা আবার একটু বড়ো নেতা, তাদের ক্ষেত্রে পরিস্থিতি ভিন্ন। এদের অনেকের নামেই আবার মামলা আছে।

আওয়ামী লীগের একটি উপজেলা সেক্রেটারি আরিফুল ইসলাম (ছদ্মনাম) বলছিলেন, কমিটির যারা সভাপতি, সেক্রেটারি এবং এর কাছাকাছি পদে আছে, তাদের এলাকায় ফেরা সম্ভব হচ্ছে না। তিনি বলেন, "আমরা বিভিন্ন মাধ্যমে পরিস্থিতি বোঝার চেষ্টা করেছি যে, আমরা যেতে পারবো কিনা। আমরা পজিটিভ সাড়া পাই নাই। যদিও নির্বাচনের পরে আমরা সবাই এলাকায় ঢুকতে পারবো বলেই আশা ছিল।" কিন্তু বিএনপি সরকার ক্ষমতায় এলে আওয়ামী লীগ তার রাজনীতি করার সুযোগ পাবে, এমন আশাবাদের কারণ কী? এর বিশ্লেষণে মূলত দুটি উত্তর পাওয়া যাচ্ছে। এক. বিএনপি কোনো দলের রাজনীতি নিষিদ্ধ করার পক্ষে নয়, বিএনপি নেতাদের এমন বক্তব্য। দুই. নির্বাচনে তৃণমূল আওয়ামী ভোটারদের বিএনপির পক্ষে কাজ করা। আরিফুল ইসলাম বলেন, "বিএনপি কোনো দলের রাজনীতি নিষিদ্ধ চায় না, এ রকম যে বক্তব্যগুলো ছিল, সেখানেই আমাদের আশার সঞ্চার হয়েছিল যে, একটা গণতান্ত্রিক সরকার আসলে হয়ত বাংলাদেশে আওয়ামী লীগের উপর নিষেধাজ্ঞা প্রত্যাহার হবে এবং আমরা রাজনীতিতে ফিরে আসতে পারবো। সেই আশার কারণে কিন্তু ভোটেও প্রভাব পড়েছে। কারণ আমাদের সাধারণ ভোটারদের আমরা বলেছি, বিএনপিকে ভোট দিতে।" তবে ভোট হয়ে যাওয়ার পর এখন ভিন্ন বাস্তবতায় মি. ইসলাম।

**'বড়ো নেতাদের দেশে ফেরা উচিত' বলছেন তৃণমূল নেতারা**

নির্বাচনের পরে আওয়ামী লীগ বিচ্ছিন্নভাবে চেষ্টা করলেও, প্রকাশ্য রাজনীতিতে ফিরতে পারেনি। দেশের বিভিন্ন স্থানে কার্যালয় খোলার চেষ্টা করলেও, সেগুলো বন্ধ হয়ে যায়। আবার যারা মাঠে নেমে ঝটিকা মিছিলের চেষ্টা করেছেন, তাদেরও অনেকে আটক হয়ে যান। এর মধ্যেই গত বুধবার আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ-সংক্রান্ত সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী বিল সংসদে পাস হয়েছে। অর্থাৎ অন্তবর্তীকালীন সরকারের সময় আওয়ামী লীগের কার্যক্রমে যে নিষেধাজ্ঞা ছিল, অধ্যাদেশের সেই সংশোধনী এখন আইনে পরিণত হতে যাচ্ছে। এমন অবস্থায় আওয়ামী লীগ ফিরে আসার জন্য কী করবে, সেটা স্পষ্ট নয়। কারণ দলটির শীর্ষ নেতৃত্বের কেউ কারাগারে, আর বাকিরা বিদেশে বিশেষত ভারতে অবস্থান করছেন। গত দেড় বছরেরও বেশি সময় ধরে ভারত থেকে দলকে পরিচালনার চেষ্টা হলেও, বাস্তবে সেটা কাজে দেয়নি। ফলে দলের তৃণমূলেও এখন শোনা যাচ্ছে ভিন্ন কথা। নেতাদের কেউ কেউ বলছেন, বড়ো নেতারা সামনে থেকে নেতৃত্ব না দিলে, নেতা-কর্মীদের সক্রিয় রাখা বা চাঙা করা সম্ভব নয়। "রাজধানী শহর ঢাকা দখল করতে না পারলে তৃণমূল দখল করে লাভ নাই। তো ঢাকা দখল করতে গেলে কেন্দ্রীয় নেতৃত্ব লাগবে, কেন্দ্রীয় নেতৃত্বের অবস্থান লাগবে। তারা ঢাকায় অবস্থান করলে কর্মীরা সাহস ফিরে পাবে," বলেন আরিফুল ইসলাম। দল বাঁচাতে ঝুঁকি নেওয়ার কথা বলছেন তিনি, "যেভাবেই হোক এখন একটা বিএনপি সরকার আসছে। এখন একটা আইনগত ফাইট দেওয়ার সুযোগ তৈরি হয়েছে। সুতরাং নেতৃবৃন্দের এখন দেশে ফিরে আসা উচিত এবং গ্রেফতারের ঝুঁকি মাথায় নিয়ে হলেও আসা উচিত।"

কিন্তু আওয়ামী লীগের নেতারা কী দেশে ফিরবেন? দলের ভাবনা জানতে যোগাযোগ করা হলে আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম অবশ্য বলেন, তার ভাষায়, আওয়ামী লীগের কার্যক্রম দেশের বাইরে থেকে নয় বরং দেশের ভেতরে থেকেই পরিচালিত হচ্ছে। তিনি বলেন, "নেতাদের ভেতরে দেশের বাইরে অনেকেই আছেন। কিন্তু তার মানে এই নয় যে, বাইরে বসে আওয়ামী লীগকে পরিচালনা করা হচ্ছে। আওয়ামী লীগের নেতা-

কর্মীরা বাংলাদেশের ভেতরে থেকেই আন্দোলন করছে।" কিন্তু দলের শীর্ষ নেতাদের দেশে ফেরার পরিকল্পনা আছে কিনা- এমন প্রশ্নে বাহাউদ্দিন নাসিম জানান, তার ভাষায়, নেতারা প্রয়োজন হলে উপযুক্ত সময়ে দেশে আসার জন্য অপেক্ষায় আছেন। "জাতীয় সংসদে যে আইনটি (আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ সংক্রান্ত) পাস করা হলো, তারপর কি দেশে আওয়ামী লীগের কোনো নেতা-কর্মীর রাজনীতি করা বা কথা বলার সুযোগ আছে? দেশে কি মব সন্ত্রাস বন্ধ হয়েছে? এখনও তো চলছে। আওয়ামী লীগের নাম পেলেই গ্রেফতার চলছে।" তিনি বলেন, "নেতারা উপযুক্ত সময়ে অবশ্যই আসার জন্য অপেক্ষা করছে। যদি সুযোগ থাকে, আইনের শাসন প্রতিষ্ঠা হয়, তখন আওয়ামী লীগের কোনো নেতা আত্মগোপনেও থাকবে না, স্বেচ্ছা নির্বাসনেও থাকবে না, বিদেশেও থাকবে না।" আওয়ামী লীগ যে পরিবেশের কথা বলছে, তার মূল কথা হচ্ছে, দলটির নেতা-কর্মীদের গ্রেফতার বা তাদের ভাষায়, 'দমন-নির্যাতন' করা হবে না। কিন্তু একদিকে সংসদে অধ্যাদেশ পাস, অন্যদিকে আওয়ামী লীগ নেত্রী ও সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরীর গ্রেফতারে এটা স্পষ্ট যে, রাজনীতিতে সেই সুযোগ আওয়ামী লীগ পাচ্ছে না। এমন অবস্থায় দল বাঁচাতে আওয়ামী লীগ নেতারা যে গ্রেফতারের ঝুঁকি নিয়ে দেশে ফিরবেন, সেটাও মনে হচ্ছে না। ফলে আওয়ামী লীগের সংকটও রয়েই যাচ্ছে। (বিবিসি ওয়েব পেজ : ১১.০৪.২০২৬ আলী আহমেদ)

## সংরক্ষিত নারী আসনে এমপি নির্বাচন হয় কীভাবে?

এখন থেকে ঠিক চল্লিশ বছর আগে বাংলাদেশের জাতীয় সংসদের নারী আসন নিয়ে সে সময়ের সাপ্তাহিক 'যায়যায়দিন' পত্রিকায় একটি প্রচ্ছদ প্রতিবেদন ছাপা হয়েছিল, যার শিরোনাম ছিল 'সংসদের শোভা তিরিশ সেট অলংকার'। জাতীয় সংসদে সংরক্ষিত ৩০টি আসনে মনোনয়ন দেওয়া নিয়ে ছিল ওই প্রতিবেদন। মূলত সংসদে সংরক্ষিত আসনে এমপি হতে তখন নারীদের দৌড়ঝাঁপ করতে দেখা যেত অনেককে, যে কারণেই অনেকটা বিদ্রুপ করেই ওই প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছিল। লেখাটি ছাপা হওয়ার পর তখন রাজনৈতিক অঙ্গনে নানা আলোচনা-সমালোচনা তৈরি হয়। তখন রাষ্ট্র ক্ষমতায় ছিলেন প্রয়াত হুসেইন মুহাম্মদ এরশাদ। ওই সংখ্যা প্রকাশিত হওয়ার পর রাষ্ট্রপতি এরশাদ ক্ষুব্ধ হয়েছিলেন। পরে জাতীয় পার্টির নেতা-কর্মীরা 'যায়যায়দিন' এর অফিসে হামলা চালিয়েছিল। পরবর্তীতে পত্রিকার ওই সংখ্যাটি নিষিদ্ধ করা হয়েছিল বলেও রাজনৈতিক গবেষক মহিউদ্দিন আহমদ তার একটি লেখায় উল্লেখ করেছেন। গবেষক মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেছেন, বাংলাদেশের জাতীয় সংসদে নারী সংসদ সদস্য যে প্রক্রিয়ায় নির্বাচিত হয়, তাতে প্রকৃত অর্থে নারীর ক্ষমতায়ন নিশ্চিত হয় না। বাংলাদেশের জাতীয় সংসদে ১৫টি সংরক্ষিত নারী আসন দিয়ে শুরু হয়ে পরবর্তীতে ধাপে ধাপে বেড়ে তা ৫০টিতে দাঁড়িয়েছে।

বিভিন্ন সময় অভিযোগ উঠেছে যে, বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতা বা বড়ো ব্যবসায়ীদের স্ত্রীরা সংসদ সদস্য হয়ে যান। বিশ্লেষকরা বলছেন, এর বিপরীতে যারা মাঠ পর্যায়ের রাজনীতি করেন, তাদের অনেকেই মনোনয়ন বঞ্চিত হন কিংবা খুব একটা সুযোগ পান না নারী সংসদ সদস্য হিসেবে। বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর বিএনপি জোট ২১১টি আসনে জয় পেয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে সরকার গঠন করেছে। বিরোধী দল হিসেবে জামায়াত জোট পেয়েছে ৭৭টি আসন। সংসদ সদস্যদের শপথ ও সরকার গঠনের পর, এখন সংরক্ষিত আসনের নির্বাচন নিয়ে যাবতীয় প্রস্তুতি শুরু করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ বিবিসি বাংলাকে বলেছেন, "সংসদে একটি সংরক্ষিত নারী আসন পেতে কমপক্ষে ছয়টি নির্বাচিত আসন প্রয়োজন। আমরা আমাদের প্রস্তুতি রেখেছি, দলগুলো তাদের তালিকা দিলে সংরক্ষিত নারী আসনের নির্বাচনের আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু করা হবে।" আইন অনুযায়ী, সাধারণ নির্বাচনের ফলাফল গেজেট প্রকাশের ৯০ দিনের মধ্যে এসব আসনের নির্বাচন সম্পন্ন করতে হবে।

### সংরক্ষিত আসনের সাংসদের কাজ কী?

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৯টি আসনের ভোট অনুষ্ঠিত হয় গত ১২ ফেব্রুয়ারি। একজন প্রার্থীর মৃত্যুতে শেরপুর-৩ আসনের নির্বাচন স্থগিত হয় ভোটের কয়েকদিন আগে। বাংলাদেশের নির্বাচন কমিশনের তথ্য বলছে, এবারের নির্বাচনে ২৯৯টি আসনে নারী প্রার্থী ছিলেন ৮৬ জন। এর মধ্যে নির্বাচিত হয়েছেন মাত্র সাতজন, যার ছয়জনই বিএনপির এবং একজন বিএনপির বিদ্রোহী প্রার্থী। বাংলাদেশের সংসদে সংরক্ষিত নারী আসনের এমপি হিসেবে ক্ষমতাসীন দলের মনোনীত প্রার্থীরাই এগিয়ে থাকেন আর এর বিপরীতে নির্বাচিত হতেন, কখনও কখনও বিরোধী দলের নারী প্রার্থীরা কয়েকটা আসনে। সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নির্বাচিত হয়ে থাকে ৩০০ আসনের মধ্যে আসনভিত্তিক আনুপাতিক হারে। জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন আইন-২০০৪ অনুসারে, অর্থাৎ একটি রাজনৈতিক দলের ছয়জন যদি নির্বাচিত সাংসদ হন, তাহলে ওই দল থেকে একজন প্রার্থী সংরক্ষিত নারী আসনের সাংসদ হবেন। তখন ওই সংরক্ষিত আসনের নির্বাচনে ওই বিশেষ রাজনৈতিক দল থেকে একাধিক নারী প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন এবং সেই দলের নির্বাচিত সংসদ সদস্যদের ভোটে বিজয়ী হয়ে সংরক্ষিত আসনের এমপি হতে পারবেন ওই প্রার্থী। নির্বাচন বিশ্লেষক ও ইসির সাবেক অতিরিক্ত সচিব জেসমিন টুলী বিবিসি বাংলাকে বলেন, "যেহেতু জাতীয় সংসদের ৩০০ আসন আর সংরক্ষিত আসন ৫০টি, সে হিসেবে প্রতি ছয়টি আসনের বিপরীতে একজন করে নারী সংসদ নির্বাচিত করতে পারবে রাজনৈতিক দলগুলো।" এই নির্বাচনের জন্য তফশিল ঘোষণা করে থাকে নির্বাচন কমিশন। ভোটের জন্য একটি দিনও নির্ধারিত রাখা হয়। বিগত কয়েকটি নির্বাচনে

দেখা গেছে, নির্বাচন কমিশন তফশিল ঘোষণা করলেও, দলগুলো আসন সংখ্যা অনুযায়ী নির্দিষ্ট প্রার্থীকে মনোনয়ন দিয়ে থাকে। ফলে মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা পার হওয়ার দিনই তাদের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হতো।

**এবার কোন দল কতটি আসন পাবে**

গত ১২ ফেব্রুয়ারি ২৯৯টি আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হলেও ফলাফল প্রকাশিত হয়েছে ২৯৭টির। আদালতের নির্দেশে চট্টগ্রাম-২ ও ৪ আসনের ফলাফল বর্তমানে স্থগিত রয়েছে। আর প্রার্থীর মৃত্যুজনিত কারণে শেরপুর-৩ আসনের নির্বাচন স্থগিত রয়েছে। সে হিসেবে সংসদের ২৯৭টি আসনের বিপরীতেই সংরক্ষিত নারী আসনে নির্বাচন হচ্ছে। ২৯৭টি আসনের দলীয় ও স্বতন্ত্র এমপিরা শপথ নেওয়ার পর থেকে কোন দল কতগুলো আসন পাবে, সেটি নিয়ে নানা হিসাব-নিকাশ চলছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি জোটবদ্ধভাবে নির্বাচনে অংশ নিয়েছিল। দলটি এককভাবে ২০৯টি আসনে জয় পায়। এর বাইরে বিএনপি জোটের শরিক দল গণঅধিকার পরিষদ একটি, গণসংহতি আন্দোলন একটি এবং বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি একটি আসনে জয় পায়। সেই হিসেবে বিএনপি জোট এই ২৯৭টি আসনের মধ্যে ২১২টি আসনে জয় পেয়েছে। আইন অনুযায়ী আসন সংখ্যার ভিত্তিতে আসন বণ্টন হবে এবারও। প্রতি ছয়টি আসনের জন্য একটি করে সংরক্ষিত নারী আসন নির্ধারিত থাকায় অন্তত ৩৫টি সংরক্ষিত আসন পাবে বিএনপি জোট। বাকি তিনটি আসনের ভোট ও ফলাফল চূড়ান্ত হলে বাড়তি আরো একটি আসন পেতে পারে। এর বিপরীতে জামায়াতে ইসলামীও জোটবদ্ধভাবে নির্বাচনে অংশ নিয়েছে। দলটি এককভাবে ৬৮টি আসন, এনসিপি ছয়টি, বাংলাদেশ বাংলাদেশ খেলাফত মজলিশ দুটি এবং খেলাফত মজলিশ পেয়েছে একটি আসন। সেই হিসেবে জামায়াতে ইসলামী জোট ৭৭টি আসনের বিপরীতে ১২ থেকে ১৩টি আসন পেতে পারে বলে জানাচ্ছেন নির্বাচন বিশ্লেষকরা। এই নির্বাচনে এককভাবে অংশ নেওয়া ইসলামী আন্দোলন বাংলাদেশ একটি আসনে জয় পেয়েছে। আর স্বতন্ত্র প্রার্থীরা সাতটি আসনে জয় পেয়েছেন। স্বতন্ত্র প্রার্থীরা একত্রে জোটবদ্ধ হলে তারা অন্তত একটি আসন পেতে পারেন। সর্বশেষ, ২০২৪ সালের সাতই জানুয়ারির দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ ও ১৪ দলীয় শরিক জোট এককভাবে ২২৩টি আসনে জয় পেয়েছিল। এর বাইরে আওয়ামী লীগের বিদ্রোহীরা স্বতন্ত্রভাবে নির্বাচনে অংশ নিয়ে ৬২টি আসনে জয় পেয়েছিল। ভোটের পর স্বতন্ত্র প্রার্থীরা আওয়ামী লীগকে সমর্থন দিয়েছিল সংরক্ষিত আসনে প্রার্থী নির্বাচনে। পরে ৫০টি সংরক্ষিত নারী আসনের মধ্যে আওয়ামী লীগের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় পেয়েছিল ৪৮টিতে। আর জাতীয় পার্টি ১১টি সাধারণ আসনে বিজয়ী হওয়ায় সংরক্ষিত আসনে তারা দুইটি আসনে জয় পেয়েছিল।

**যেভাবে সংরক্ষিত আসন চালু, গুরুত্ব কতটা?**

এ পর্যন্ত বাংলাদেশের ১৩টি জাতীয় সংসদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ১৯৭৩ সালের প্রথম জাতীয় সংসদ নির্বাচনে ১৫টি আসন নারীদের জন্য সংরক্ষিত ছিল। পরবর্তীতে ধাপে ধাপে সংসদে নারী আসন সংখ্যা বাড়ানো হয়। ১৯৭৯ সালে অনুষ্ঠিত দ্বিতীয় এবং ৮৬ সালে অনুষ্ঠিত তৃতীয় সংসদে ৩০টি সংরক্ষিত আসন ছিল। তবে ১৯৮৮-৯০ মেয়াদে চতুর্থ সংসদে সংরক্ষিত আসন ছিল না। ৯০-এর গণ-অভ্যুত্থানের পর বাংলাদেশ গণতান্ত্রিকভাবে যাত্রা শুরু করে। ১৯৯১ সালের নির্বাচনে খালেদা জিয়া প্রধানমন্ত্রী নির্বাচিত হন। ওই সংসদেও ৩০টি সংরক্ষিত আসন ছিল। ১৯৯৬ সালের ফেব্রুয়ারি মাসে বিএনপির একতরফা ষষ্ঠ জাতীয় সংসদ নির্বাচনেও ৩০টি সংরক্ষিত আসন ছিল। ওই নির্বাচনটি বাতিল হলে ওই বছরের জুন মাসে সপ্তম সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। তখনও ৩০টি আসন সংরক্ষিত ছিল নারীদের জন্য। অষ্টম জাতীয় নির্বাচনে সংরক্ষিত নারী আসন বাড়িয়ে ৪৫টি করা হয়। পরবর্তীতে নবম জাতীয় সংসদে নারী আসন বাড়িয়ে ৫০টি করা হয়। ধাপে ধাপে জাতীয় সংসদ সংরক্ষিত আসন সংখ্যা বাড়ানো হলেও, এই নির্বাচন পরোক্ষভাবে হওয়ায় নারী ক্ষমতায়ন কতখানি নিশ্চিত করা যায়, তা নিয়ে প্রশ্ন উঠছে। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, সংরক্ষিত আসনে নির্দিষ্ট এলাকার জনগণের ভোটে নির্বাচিত হয়ে আসলেই প্রকৃতভাবে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা সম্ভব, না হলে এই নারী আসন শুধু অলঙ্কারিকভাবেই ক্ষমতায়িত হবে। লেখক ও গবেষক মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেন, "এই সংরক্ষিত আসন এখনো অলংকারিক। তারা ভোটারদের সরাসরি প্রতিনিধিত্ব করেন না। দলের মর্জি মাফিক নারীদের জিতিয়ে আনা হয়, যা নারীদের জন্যও সম্মানজনক নয়।"

(বিবিসি ওয়েব পেজ : ১১.০৪.২০২৬ আলী আহমেদ)

## কুমিরের মুখে চলে যাচ্ছে কুকুর- বাগেরহাটে মাজারের এই ঘটনা নিয়ে কী জানা যাচ্ছে

বাংলাদেশের দক্ষিণাঞ্চলীয় জেলা বাগেরহাটে খান জাহান আলীর মাজারের দিঘির ঘাটে একটি কুকুরকে কুমিরের টেনে নিয়ে যাওয়ার একটি ভিডিও সংবাদমাধ্যম ও সামাজিক মাধ্যমে আলোচনায় এসেছে। ঘটনাটি তদন্ত করার জন্য একটি কমিটি গঠনের কথা জানিয়েছে জেলা ও উপজেলা প্রশাসন। কমিটির সদস্য ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আতিয়া খাতুন জানান, তারা ইতোমধ্যেই তদন্ত শুরু করেছেন। এদিকে, ছড়িয়ে পড়া ভিডিওতে যে কুকুরটি দেখা যাচ্ছে, সেটিকে পুকুরের ঘাটে পা বেধে রাখা হয়েছিল কি না বা পা ভেঙে রাখা হয়েছিল কি না- এমন অভিযোগ উঠলেও স্থানীয় পুলিশ বলছে, কুকুরটিকে জোর করে কুমিরের মুখে ঠেলে দেওয়া হয়েছে এমন অভিযোগের কোনো প্রমাণ তারা পাননি। মাজার কর্তৃপক্ষ বলছে, কুকুরটি শ্যাওলায় পিচ্ছিল হয়ে থাকা ঘাটের সিঁড়ি বেয়ে উঠে আসতে পারেনি এবং ততক্ষণে কুমির কাছে চলে আসায় সমবেত লোকজনও ভয়ে কুকুরটিকে উদ্ধার করতে পারেনি। তবে এ ঘটনায় যে

বিষয়টি বেশি আলোচনায় এসেছে তা হলো- অনেক মানুষ তীরে দাঁড়িয়ে যখন ঘটনাটি দেখছিলেন বা অনেকে যখন মোবাইলে ভিডিও করছিলেন, তখন কুমিরটি ধীরে ধীরে এগিয়ে আসছিল, আর কুকুরটি অনেকটা আকুল দৃষ্টি নিয়ে তীরে থাকা লোকজনের দিকে তাকাচ্ছিল।

প্রসঙ্গত, জনহিতকর কাজ ও ধর্ম প্রচারের জন্য সুপরিচিত সুফিসাধক খান জাহান আলী দিঘিটি প্রতিষ্ঠা করেছিলেন। দিঘির এক পাশে তার মাজার বা তার সমাধি সৌধ রয়েছে। এই মাজারে প্রতিদিন অনেককে নানা প্রাণি মানত করে তা কুমিরের মুখে ছুড়ে দিতে দেখা যায়। বাংলাপিডিয়ার তথ্য অনুযায়ী, কাছেই অবস্থিত ষাট গম্বুজ মসজিদও তিনি প্রতিষ্ঠা করেছিলেন।

**ভিডিওতে কী দেখা যাচ্ছে ও ঘটনা কী**

সংবাদমাধ্যম ও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যাচ্ছে, দিঘির ঘাটের সিঁড়ির যে ধাপটিতে পানি আছে, সেই ধাপ থেকে কুকুরটি উপরে ওঠার চেষ্টা করছিল, কিন্তু পা ওঠাতে পারছিল না। ওদিকে দিঘিতে থাকা কুমিরটি ধীরে ধীরে এগিয়ে আসছিল। দিঘির তীরে দাঁড়িয়ে অনেকে তা দেখছিলেন এবং কেউ কেউ তা মোবাইলে ভিডিও করছিলেন। কুকুরটি উঠে আসার চেষ্টা করছিল, কিন্তু সিঁড়িতে উঠতে পারছিল না। এক পর্যায়ে কুমিরটি একেবারে কাছে চলে আসলে কুকুরটি অনেকটা হাল ছেড়ে দেয় এবং কুমিরটি হা করে কুকুরটিকে মুখে নিয়ে পানিতে চলে যায়। কিছুক্ষণ পর কুকুরটি পানিতে ভেসে উঠলে, সেটিকে উদ্ধার করে মাটিচাপা দেওয়া হয়। স্থানীয় একজন সাংবাদিক জানিয়েছেন, ঘটনাস্থলে গিয়ে শুক্রবার তিনি জেনেছেন যে, ওই ঘটনাটি আসলে বুধবারের। তবে ভিডিও শুক্রবার থেকেই ব্যাপকভাবে প্রচার হতে শুরু করে। সামাজিক মাধ্যমে অনেকেই ভিডিওটি দেখে অভিযোগ করেন যে, কুকুরটি পেছনের দুই পা আগেই ভেঙে দেওয়া হয়েছিল। আবার কেউ অভিযোগ করেন যে, কুকুরটিকে জোর করে কুমিরের মুখে ঠেলে দেওয়া হয়েছে। যদিও মাজারের খাদেম ফকির তারিকুল ইসলাম বিবিসি বাংলাকে বলেছেন, এমন অভিযোগ মোটেও সত্যি নয়। “বরং কুকুরটি ঘাটের সিঁড়িতে গিয়ে টাইলসে শ্যাওলার কারণে উঠতে পারেনি। লোকজন কুমিরের ভয়ে কুকুরটিকে বাঁচাতে এগোতে পারেনি। এই দিঘির কুমিরের আক্রমণে মানুষের আহত নিহত হওয়ার রেকর্ডও আছে,” বলছিলেন তিনি।

বাগেরহাট সদর থানার পরিদর্শক (তদন্ত) মো. শহিদুল ইসলাম বলছেন, তারা ঘটনাটি শোনার পর তদন্ত করে এমন অভিযোগের কোনো সত্যতা পাননি। পুলিশ, সাংবাদিকসহ স্থানীয়দের সাথে কথা বলে জানা গেছে, বুধবার সন্ধ্যার আগে মাজারে অনেক দর্শনার্থীই ছিল। ওই দর্শনার্থী ও মাজারে কাজ করেন এমন কয়েকজন সাংবাদিকদের জানিয়েছেন যে, মাজার এলাকায় থাকা ওই কুকুরটি একটি শিশুসহ তিনজনকে কামড় দেওয়ার পর তার পায়ে লাঠি দিয়ে আঘাত করা হয়েছিল। কুকুরের কামড়ে মাজারের একজন কর্মীও আহত হন। এরপর দৌড়ে কুকুরটি নারীদের জন্য করা দিঘির ঘাটের দিকে যায়, সেখানে একজন নারীর তিনটি মুরগি মেরে ফেলে এবং একজনকে কামড় দেওয়ার চেষ্টা করে। তখন কুকুরকে তাড়াতে আবার লাঠি দিয়ে আঘাত করা হলে কুকুরটি পায়ে আঘাত পেয়ে দিঘির মূল ঘাটের দিকে চলে যায়। সেখানে গিয়ে মাজারের একজন গার্ডকে আঁচড় দেয়। তিনি পা ঝাড়া দিলে কুকুরটির সিঁড়ির পানিতে পড়ে যান। এর মধ্যেই দিঘিতে থাকা কুমিরটি এগিয়ে আসতে থাকে। কুকুরটি কুমির দেখে ওঠার জন্য চেষ্টা করলেও, সিঁড়ির শ্যাওলায় কারণে পিচ্ছিল হয়ে থাকায় সিঁড়ির উপরের ধাপে উঠে আসতে পারেনি। ততক্ষণে কুমিরটি বেশ খানিকটা এগিয়ে আসায় লোকজন আর ভয়ে সামনে এগোতে পারেনি বলে বলছেন মাজারের খাদেম তারিকুল ইসলাম। এরপর শুক্রবার নাগাদ কুকুরটি কুমিরটির মুখে চলে যাওয়ার ভিডিও ভাইরাল হয় এবং তাতে দেখা যায়, বহু লোক দাঁড়িয়ে দৃশ্যটি দেখছেন বা ভিডিও করছেন। মি. ইসলাম বিবিসিকে বলেছেন যে, “এখন অনেকে বলছে, কুকুরকে পা বেধে কুমিরের মুখে ঠেলে দেওয়া হয়েছে, কিন্তু এটি সত্যি নয়। লোকজনের উচিত ছিল রক্ষা করা। কিন্তু আমরা খোঁজ নিয়ে দেখেছি, ভয়ে কেউ এগোয়নি সামনে। পুলিশ প্রশাসনকেও তদন্ত করতে বলেছি। কুমির হিংস্র প্রাণী। অনেক সময় হয়ত দেখেন কেউ কেউ কুমিরের গায়ে হাত দিচ্ছে। কিন্তু কুমিরের আক্রমণে এখানে মানুষের মৃত্যুর ঘটনাও ঘটেছে।”

ইতিহাসবিদদের মতে, খান জাহান আলী মাজারের এই দিঘিতে শত শত বছর ধরেই কুমির রাখা হচ্ছে। কথিত আছে, খান জাহান আলীর সময়ে দুটি কুমির দিঘিতে আনা হয়েছিল। পরে তাদের নাম হয়ে ওঠে কালা পাহাড় ও ধলা পাহাড়। এরপর তাদের বংশধর কুমিরদের মধ্যে পুরুষটিকে 'কালা পাহাড়' আর নারী কুমিরকে 'ধলা পাহাড়' ডাকা হতো। তাদের সবশেষ বংশধরের মৃত্যু হয়েছে ২০১৫ সালের ফেব্রুয়ারিতে। এরপর ভারত থেকে কয়েকটি কুমির এনে সেখানে ছাড়া হয়। কিন্তু এর কয়েকটি নিজেদের মধ্যে মারামারি করে আহত হয় ও মারা যায়। সবশেষ যে দুটি ছিল, তার একটি ২০২৩ সালের অক্টোবরে মারা যায়। এরপর থেকে এখন একটি কুমিরই দিঘিতে আছে। ওদিকে, ঘটনাটি তদন্তের জন্য জেলা প্রশাসন যে তদন্ত কমিটি গঠন করেছে, তারা ইতোমধ্যেই কাজ শুরু করেছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বাগেরহাট সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা আতিয়া খাতুন।

(বিবিসি ওয়েব পেজ : ১১.০৪.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র-ইরানকে 'সৎ উদ্দেশ্যে' আলোচনায় বসার আহ্বান জাতিসংঘের

যুক্তরাষ্ট্র-ইরান শান্তি আলোচনাকে স্বাগত জানিয়ে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস উভয়পক্ষকে সৎ উদ্দেশ্য নিয়ে আলোচনায় অংশ নিতে আহ্বান জানিয়েছেন। জাতিসংঘের নিয়মিত প্রেস ব্রিফিংয়ে তার মুখপাত্র স্টিফেন দুজারিক বলেন, মহাসচিব দুইপক্ষকে এই কূটনৈতিক সুযোগ কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন , যাতে একটি স্থায়ী ও পূর্ণাঙ্গ চুক্তির দিকে অগ্রসর হওয়া যায় এবং উত্তেজনা কমানো সম্ভব হয়। তিনি আরো বলেন, সংঘাত এড়াতে এবং আবার যুদ্ধাবস্থায় ফিরে যাওয়ার ঝুঁকি ঠেকাতে সংলাপই একমাত্র কার্যকর পথ। মহাসচিবের বক্তব্য অনুযায়ী , আন্তর্জাতিক বিরোধ নিষ্পত্তির জন্য শান্তিপূর্ণ সমাধানের কোনো বিকল্প নেই এবং তা অবশ্যই আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ সনদ অনুযায়ী হতে হবে। এছাড়া জানানো হয়েছে , মহাসচিবের ব্যক্তিগত দূতও বর্তমানে ওই অঞ্চলে অবস্থান করছেন , যাতে কূটনৈতিক প্রচেষ্টায় সহায়তা করা যায়। (বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তি সম্ভব, তবে ইসরায়েলের সঙ্গে নয়: ইরানের ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট

ইরানের ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ রেজা আরেফ বলেছেন , "ইসলামাবাদে যদি যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা অনুষ্ঠিত হয়, তাহলে এমন একটি সমঝোতায় পৌঁছানোর সম্ভাবনা রয়েছে, যা উভয়পক্ষের পাশাপাশি বিশ্বের জন্যও উপকারী হতে পারে।" সামাজিক মাধ্যম এক্সে সম্প্রতি তার প্রকাশিত এক বিবৃতিতে সতর্ক করে বলা হয়েছে , তবে আলোচনায় যদি ইসরায়েলপন্থি প্রতিনিধিরা উপস্থিত থাকেন, তাহলে কোনো চুক্তি সম্ভব হবে না। তিনি আরও বলেন, "সেক্ষেত্রে প্রতিরক্ষামূলক পদ ক্ষেপ আগের চেয়েও বেশি তীব্রভাবে অব্যা হত থাকবে, যার ফলে বিশ্বকে আরও বড়ো মূল্য দিতে হবে।"(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## 'অঞ্চলের এক অংশকে রক্তাক্ত অবস্থায় রেখে আরেক অংশের সঙ্গে আলোচনা চলতে পারে না

পাকিস্তানের পরিকল্পনা , উন্নয়নমন্ত্রী আহসান ইকবাল বিবি সিকে বলেন , "ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধবিরতি আলোচনায় লেবাননকেও অন্তর্ভুক্ত করা উচিত।" তার মতে, "এই প্যাকেজে একটি 'পূর্ণাঙ্গ যুদ্ধবিরতি' থাকা উচিত, অর্থাৎ আলোচনা চলাকালীন সময়ে পাকিস্তান আশা করে যে , ইসরায়েল এই ঐতিহাসিক সুযোগটি নষ্ট করবে না।" আহসান ইকবাল বলেন, "অঞ্চলের এক অংশ রক্তে ভেজা থাকবে আর অন্য অংশ আলোচনার অধীনে থাকবে , এটা হতে পারে না। আমি মনে করি , ইসরায়েলকে আরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে এবং আলোচনার আগে কোনো ধরনের সুবিধা নেওয়ার চেষ্টা করা উচিত হবে না।" তিনি আরও জানান , পাকিস্তান বিবদমান পক্ষগুলোকে একটি চুক্তিতে আনতে সর্বাত্মক চেষ্টা করবে এবং তার মতে , যদি পক্ষগুলো যুদ্ধবিরতি বাড়াতে এবং আরেক দফা আলোচনায় সম্মত হয়, তবে সেটিকেই একটি সফল অগ্রগতি হিসেবে দেখা হবে।

(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র তেহরানের বাজেয়াপ্ত সম্পদ ছেড়ে দিতে রাজি হয়েছে: ইরান থেকে প্রচারিত খবরে দাবি

যুক্তরাষ্ট্র ও ইরানের আলোচনা কীভাবে এগোবে এবং আদৌ দুই পক্ষ মুখোমুখি বৈঠকে বসবে কি না , তা স্পষ্ট করে বোঝা কঠিন। তবে পাকিস্তান সরকারের একটি সূত্রের কাছ থেকে আমরা একটি হালনাগাদ তথ্য পেয়েছি। ওই সূত্র বিবিসিকে জানিয়েছে, প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ মধ্যাহ্নভোজের সময় ইরানি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক করেছেন। আগের দফার আলোচনার মতো এবারও পাকিস্তান , যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের সঙ্গে এক কক্ষে এবং এরপর ইরানি প্রতিনিধি দলের সঙ্গে অন্য কক্ষে আলোচনা চালিয়ে যেতে পারে। প্রস্তাবিত বিষয়গুলোর বিভিন্ন দিক নিয়ে কোনো অগ্রগতি সম্ভব কি না, তা খতিয়ে দেখতেই এমন ব্যবস্থার সম্ভাবনা রয়েছে। ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাকের কালিবাফ, যিনি প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। বলেছেন, আলোচনা শুরু হওয়ার আগেই যুক্তরাষ্ট্রকে ইরানের আটকে রাখা সম্পদ মুক্ত করতে সম্মত হতে হবে। ইরান থেকে এমন খবর পাওয়া যাচ্ছে যে , সেটি হয়েছে, তবে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে তা এখনো নিশ্চিত করা হয়নি। আর এটি যুক্তরাষ্ট্রে ডোনাল্ড ট্রাম্পের সমর্থকদের কাছে ব্যাখ্যা করা একটি জটিল ও স্পর্শকাতর বিষয় হিসেবেও বিবেচিত হবে। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের কাছে পাঠানো ১০ দফা পরিকল্পনার অংশ হিসেবে ইরান যুক্তরাষ্ট্রের হেফাজতে থাকা ইরানি তহবিল ও হিমায়িত সম্পদ মুক্ত করার আহ্বান জানিয়েছিল।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## শর্ত পূরণ না হলে আলোচনা বাতিল হতে পারে বলছে ইরানি রাষ্ট্রীয় টেলিভিশন

ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম ইরনার এক সংবাদদাতা সতর্ক করে বলেছেন, ইরানের শর্তগুলো পূরণ না হলে আলোচনা বাতিল হয়ে যেতে পারে। তিনি বলেন, ইরানের স্বার্থ রক্ষা হয় না - এমন আলোচনা থেকে সরে আসাও ইরানের জন্য এক ধরনের কূটনৈতিক সাফল্য । ইসলামাবাদ থেকে সরাসরি রিপোর্টিং করা ওই প্র তিবেদক আরো জানান , ইরানি প্রতিনিধি দল প্রথমে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে বৈঠক করবে। এর পরই যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দলের সঙ্গে সম্ভাব্য বৈঠকের সময়সহ অন্যান্য বিস্তারিত বিষয়ে পরিষ্কার হবে এবং ইতোমধ্যেই সেই বৈঠক অনুষ্ঠিত হয়েছে বলে খবর পাওয়া গেছে। রাষ্ট্রীয় টিভির প্রতিবেদনে বারবার ইরানের শর্ত এবং যুক্তরাষ্ট্রের প্রতি আস্থার অভাবের বিষয়টি জোর দিয়ে তুলে ধরা হচ্ছে। সেখানে আরো বলা হচ্ছে, ইরান এখন তুলনামূলক শক্ত অবস্থানে রয়েছে এবং তাদের শর্ত পূরণ না হলে তারা আলোচনা ছাড়াও এগিয়ে যেতে পারে।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## ইরানের জব্দ সম্পদ ছাড়তে রাজি হওয়ার খবর অস্বীকার যুক্তরাষ্ট্রের কর্মকর্তার

মোহাম্মদ বাগের গালিবাফের নেতৃত্বে ইরানি প্রতিনিধি দল দাবি করেছিল যে , আলোচনা শুরু হওয়ার আগেই যুক্তরাষ্ট্রকে ইরানের আটকে রাখা সম্পদ মুক্ত করতে সম্মত হতে হবে । সংবাদ সংস্থা রয়টার্সের একজন ঊর্ধ্বতন ইরানি সূত্রের বরাত দিয়ে জানায়, আলোচনা শুরুর আগেই যুক্তরাষ্ট্র নাকি ইরানের জব্দকৃত সম্পদ উদ্ধারে সম্মত হয়েছে। তবে একজন মার্কিন কর্মকর্তা এই দাবি অস্বীকার করেছেন বলে বিবিসি পার্সিয়ানের খবরে উঠে এসেছে। নাম প্রকাশে অনিচ্ছুক ওই ইরানি সূত্র রয়টার্সকে আরো জানান যে , সম্পদ ছাড়ার বিষয়টি হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের নিরাপত্তার সাথে সম্পর্কিত , যা সম্ভবত এই আলোচনার অন্যতম গুরুত্বপূর্ণ অংশ। ইরানি প্রতিনিধি দলের প্রধান মোহাম্মদ বাগের কালিবাফ দাবি করেছেন , আলোচনায় বসার আগে ইরানের জব্দ করা সম্পদ ফেরত দেওয়া জরুরি। তিনি পাকিস্তান সফরের আগেও বলেছিলেন , আলোচনার শর্ত হিসেবে লেবাননে যুদ্ধবিরতি এবং যুক্তরাষ্ট্রে জব্দ থাকা ইরানি সম্পদ মুক্ত করার শর্ত অবশ্যই পূরণ করতে হবে।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের তেলকে 'বিশ্বের সেরা ও সবচেয়ে মধুর' বললেন ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, বিপুলসংখ্যক খালি তেলবাহী জাহাজ যুক্তরাষ্ট্রের দিকে যাচ্ছে, যাতে তারা "বিশ্বের সবচেয়ে সেরা ও 'সবচেয়ে মধুর' তেল (এবং গ্যাস) লোড করতে পারে"। সম্প্রতি ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প দাবি করেন , "যুক্তরাষ্ট্রের কাছে বিশ্বের সবচেয়ে বড়ো দুটি তেল অর্থনীতির দেশের চেয়েও বেশি পরিমাণে তেল আছে এবং এর মানও ভালো। আমরা আপনাদের জন্য অপেক্ষা করছি। দ্রুত চলে আসুন !" তিনি এমন এক সময়ে পোস্টটি করেছেন , যখন যুক্তরাষ্ট্র-ইসরায়েল ও ইরানের মধ্যে যুদ্ধ পরিস্থিতির কারণে বিশ্ব বাজারে তেলের দাম ওঠানামা করছে। বেঞ্চমার্ক ব্রেন্ট ক্রুড তেলের দাম সম্প্রতি ১১০ ডলারের ওপরে উঠে যায় , এরপর যুক্তরাষ্ট্র ও ইরান একটি শর্তসাপেক্ষ দুই সপ্তাহের যুদ্ধবিরতিতে সম্মত হওয়ায় , তা ১৫ শতাংশ কমে ৯২ ডলারের কিছু নিচে নেমে আসে। এই চুক্তিতে হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়ও রয়েছে। ইরান বিশ্বের গুরুত্বপূর্ণ শিপিং রুট হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল কার্যত সীমিত করায় জ্বালানি তেল ও খাবারের দাম অনেক বেড়ে যায়। তবে সংঘাত শুরুর আগের তুলনায় এখনো তেলের দাম বেশি। আগে এই তেল ব্যারেলপ্রতি প্রায় ৭০ ডলারে লেনদেন হচ্ছিল।
(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## ইসরায়েলি হামলায় লেবাননে অন্তত তিনজন নিহত

লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, দক্ষিণ লেবাননের নাবাতিয়েহ অঞ্চলের জেফতা শহরে ইসরায়েলি হামলায় অন্তত তিনজন নিহত হয়েছেন। মন্ত্র ণালয় জানিয়েছে, নিহতদের মধ্যে একজন লেবাননের সিভিল ডিফেন্সের সদস্য ছিলেন। এই হামলায় আরো অন্তত দুইজন আহত হয়েছে। তবে , তারা কখন নিহত হয়েছে , তা এখনো স্পষ্ট নয়। রয়টার্সের প্রকাশিত একটি ছবিতে দেখা গেছে , লেবাননে বিমান হামলার পর ধোঁয়া উড়তে দেখা গেছে। ইসরায়েলি প্রতিরক্ষা জানিয়েছে, শুক্রবার তারা দক্ষিণ লেবাননে অতিরিক্ত ৪০টি অবকাঠামো লক্ষ্য করে হামলা চালিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## ইরান 'ভয়াবহভাবে হারছে', আলোচনা শুরু হতেই ট্রাম্পের মন্তব্য

ইসলামাবাদে আলোচনা শুরু হওয়ার প্রেক্ষাপটে যুক্তরাষ্ট্রের প্রে সিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, চলমান সংঘাতে ইরান "ভয়াবহভাবে হারছে"। ট্রুথ সোশ্যালে দেওয়া দীর্ঘ এক পোস্টে ট্রাম্প দাবি করেন , গণমাধ্যমের সদস্যরা "বলতে ভালোবাসেন যে ইরান 'জিতছে', অথচ বাস্তবে সবাই জানে তারা হারছে এবং খুব বড়োভাবে হারছে"। এরপর সংঘাত চলাকালে তার প্রশাসনের করা দাবিগুলো তিনি আবারও তুলে ধরেন। তিনি লেখেন , "তাদের নৌবাহিনী শেষ, তাদের বিমান বাহিনী শেষ , তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা কার্যত নেই , রাডার ব্যবস্থা ধ্বংস , তাদের ক্ষেপণাস্ত্র ও ড্রোন কারখানাগুলোসহ ক্ষেপণাস্ত্র ও ড্রোনের বড়ো একটি অংশ ধ্বংস হয়ে গেছে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো - তাদের দীর্ঘদিনের 'নেতারা' আর আমাদের মধ্যে নেই, আল্লাহর প্রশংসা!" ইরানের পক্ষ থেকে সমুদ্রে মাইন পুঁতে রাখার প্রসঙ্গ টেনে ট্রাম্প আরও বলেন, যুক্তরাষ্ট্র এখন "বিশ্বজুড়ে বিভিন্ন দেশের স্বার্থে হরমুজ প্রণালি পরিষ্কার করা শুরু করেছে"।
(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## ইসরায়েলের সঙ্গে যুদ্ধবিরতি আলোচনায় হিজবুল্লাহর অনুপস্থিতির সমালোচনা লেবাননের এমপির

লেবাননের পার্লামেন্টের একজন জ্যেষ্ঠ সদস্য , যিনি হিজবুল্লাহরও সদস্য , হাসান ফাদলুল্লাহ দেশটির সরকারের ইসরায়েলের সঙ্গে সম্ভাব্য আলোচনার সমালোচনা করেছেন। এই মন্তব্য এমন সময়ে এসেছে , যখন লেবাননের প্রেসিডেন্ট আগামী মঙ্গলবার ওয়াশিংটনে ইসরায়েলের সঙ্গে আলোচনার জন্য একটি বৈঠকের পরিকল্পনার কথা জানিয়েছেন। ইসরায়েল ঘোষণা করেছে যে , লেবাননের সঙ্গে যুদ্ধবিরতি সংক্রান্ত আলোচনায় হিজবুল্লাহ অংশ নেবে না। হিজবুল্লাহর সাথে সম্পৃক্ত আল-মানার টেলিভিশনে প্রকাশিত এক বিবৃতিতে ফাদলুল্লাহ এই পদক্ষেপকে "সংবিধান ও লেবাননের আইনের নির্লজ্জ লঙ্ঘন " বলে উল্লেখ করেছেন এবং বলেছেন , এই প্রক্রিয়া দেশে "অভ্যন্তরীণ বিভাজন আরও বাড়িয়ে দেবে। " তিনি আরও বলেন , "যা কিছু শ ত্রু যুদ্ধক্ষেত্রে অর্জন করতে পারবে না , তা আলোচনার টেবিলেও পারবে না। " "বিশেষ করে, এমন একটি প্রতিষ্ঠানের মাধ্যমে , যার সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নেই , যে তার

মৌলিক দায়িত্ব অবহেলা করেছে , যে তার জনগণকে রক্ষা করতে ব্যর্থ হয়েছে এবং যার ওপর জাতীয় সার্বভৌমত্ব রক্ষার ক্ষেত্রে যার ওপর আস্থা রাখা যায় না," বলেন তিনি ।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

**পাকিস্তানি কর্মকর্তাদের উপস্থিতিতে আড়াই ঘণ্টার প্রথম দফার আলোচনা শেষ**

পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে প্রথম দফার আলোচনা শেষ হয়েছে বলে জানা যা ছে। দুইজন সরকারি কর্মকর্তা বিবিসি উর্দুকে নিশ্চিত করেছেন যে , আড়াই ঘণ্টার এই আলোচনায় পাকিস্তানি মধ্যস্থতাকারীরাও উপস্থিত ছিলেন। একটি সূত্র অনুযায়ী , প্রাথমিক আলোচনা 'ইতিবাচক' হয়েছে। এটিও নিশ্চিত করা হয়েছে যে, একটি সংক্ষিপ্ত বিরতির পর ত্রিপক্ষীয় আলোচনা রোববার পাকিস্তানের স্থানীয় সকাল ৮টা থেকে সাড়ে ৮টার মধ্যে পুনরায় শুরু হবে।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

**লেবাননে ২৪ ঘণ্টায় হিজবুল্লাহর ২০০টি লক্ষ্যবস্তুতে হামলার কথা জানালো ইসরায়েল**

পাকিস্তানের ইসলামাবাদে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সরাসরি আলোচনা চলার মধ্যেই ইসরায়েল জানিয়েছে , তারা লেবাননে হামলা অব্যাহত রেখেছে। ইসরায়েল প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) বলছে, গত ২৪ ঘণ্টায় তারা লেবাননে হিজবুল্লাহর ২০০টির বেশি লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে। এক বিবৃতিতে জানানো হয়েছে, তাদের বিমান বাহিনী আরও হামলা চালাচ্ছে এবং দক্ষিণ লেবাননে স্থলবাহিনীর অভিযানে সহায়তা করছে। আইডিএফ আরও বলেছে , ইসরায়েলের ওপর হামলা ঠেকাতে তারা ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের লঞ্চারকে লক্ষ্যবস্তু করছে। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে , দক্ষিণ লেবাননে এসব হামলায় ছয়জন নিহত হয়েছে এবং আরও পাঁচজন আহত হয়েছে। এদিকে, ইসরায়েল দেশের উত্তরাঞ্চলের আপার গ্যালিলি এলাকায় আকাশপথে একটি বিমান অনুপ্রবেশের বিষয়ে সতর্ক করেছে। তবে এই হামলা কে চালিয়েছে, তা এখনো স্পষ্ট নয়।(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

**হরমুজ প্রণালি শিগ্গিরই খুলে দেওয়া হবে: ট্রাম্প**

ইসলামাবাদে যুক্তরাষ্ট্র ও ইরানের প্রতিনিধিদলের মধ্যে উচ্চপর্যায়ের আলোচনা চলার মধ্যেই ডোনাল্ড ট্রাম্প আবারও ট্রুথ সোশ্যালে একটি পোস্ট দিয়েছেন। তিনি তার আগের দাবির পুনরাবৃত্তি করে বলেন , যুক্তরাষ্ট্র ইরানের সামরিক শক্তি ধ্বংস করেছে -"তাদের পুরো নৌবাহিনী ও বিমান বাহি নীসহ সবকিছুই।" ট্রাম্প দাবি করেন , "হরমুজ প্রণালি শিগ্গিরই খুলে দেওয়া হবে"। একইসঙ্গে তিনি আগের পোস্টগুলোর মতো আবারও বলেন, যুক্তরাষ্ট্রে "লোড নেওয়ার" জন্য খালি তেলবাহী ট্যাংকারগুলো রওয়ানা হয়েছে। ইরানের সঙ্গে শর্তসাপেক্ষ দুই সপ্তাহের যুদ্ধবিরতির আওতায় ট্রাম্প বলেন, তেহরান যদি প্রণালিটি পুনরায় খুলে দিতে সম্মত হয় , তাহলে তিনি "বোমা হামলা স্থগিত রাখতে " রাজি হয়েছেন। ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে হামলা চালানোর পর তেহরান কার্যত এই নৌপথটি অবরুদ্ধ করে দেয়। হরমুজ প্রণালি বিশ্বের সবচেয়ে ব্যস্ত তেল পরিবহণ রুটগুলোর একটি। সাধারণত বিশ্বের মোট তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) প্রায় ২০ শতাংশ এই পথ দিয়ে পরিবাহিত হয়।
(বিবিসি ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ এলিনা)

## এনইচকে

**পাকিস্তানে আলোচনার জন্য প্রস্তুত মার্কিন ও ইরানি প্রতিনিধিদল**

শনিবার পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে আলোচনার জন্য মার্কিন ও ইরানি আলোচকরা প্রস্তুতি নিচ্ছেন। এই প্রস্তুতি এমন এক সময়ে নেওয়া হচ্ছে, যখন ইসরায়েল লেবাননে ইরান-সমর্থিত শিয়া মুসলিম গোষ্ঠী হিজবুল্লাহকে লক্ষ্য করে হামলা অব্যাহত রেখেছে। পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এবং সংসদীয় স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ-এর সাথে ইরানি প্রতিনিধিদলটি শহরটিতে এসে পৌঁছেছে। গালিবাফ, এই আলোচনায় দলের নেতৃত্ব দেবেন বলে ধারণা করা হচ্ছে। গালিবাফ বলেন যে, আলোচনা শুরু হওয়ার আগে 'লেবাননে যুদ্ধবিরতি' এবং 'ইরানের জব্দকৃত সম্পদ মুক্ত করা' অবশ্যই এই দুটি পদক্ষেপ নিতে হবে। অন্যদিকে, মার্কিন প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন, দেশটির ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। শুক্রবার ইসলামাবাদে রওয়ানা হওয়ার আগে তিনি বলেন, তারা একটি 'ইতিবাচক আলোচনা' করার চেষ্টা করবেন। তিনি বলেন, "ইরানিরা যদি সদিচ্ছা নিয়ে আলোচনা করতে ইচ্ছুক হন, তবে আমরা অবশ্যই তাদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিতে প্রস্তুত রয়েছি। আর যদি তারা আমাদের সাথে ছলনা করার চেষ্টা করেন, তবে তারা দেখবেন যে, আমাদের আলোচক দল ততটা গ্রহণশীল নয়।" জানা গেছে, পাকিস্তানি সেনাপ্রধান আসিম মুনির গত মাসে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ইসলামাবাদে আলোচনা আয়োজনের প্রস্তাব দিয়েছিলেন। যুক্তরাষ্ট্র ও ইরান উভয়ের সঙ্গেই তার ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে বলে ধারণা করা হয়।(এনএইচকে ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

**কার্যকারিতা হারাল গুম, গণভোটসহ ১৬ অধ্যাদেশ**

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে গণভোট করার জন্য অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা গণভোট অধ্যাদেশসহ গুম প্রতিরোধে জারি করা অধ্যাদেশ , পুলিশ কমিশন গঠনের লক্ষ্যে জারি করা অধ্যাদেশ এবং ১৩টি অন্যান্য অধ্যাদেশ নির্ধারিত সময়ের মধ্যে অনুমোদন বা অননুমোদন কোনোটাই করেনি জাতীয় সংসদ। ফলে এই অধ্যাদেশগুলো কার্যকারিতা হারিয়েছে। সবগুলো অধ্যাদেশ পাস করতে না পারায় , সরকারের বিরুদ্ধে ঐকমত্য ভঙ্গ ও আস্থা সংকটের

অভিযোগ জানায় জামায়াত নেতৃত্বাধীন বিরোধী জোট। এরপর গতকাল শুক্রবারের অধিবেশনের শেষের দিকে তারা ওয়াকআউট করে। এদিকে, গণভোট অধ্যাদেশ কার্যকারিতা হারানোর ফলে গণভোট নিয়ে বিতর্ক তৈ রি হতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা। যদিও বিরোধী দল বলে আসছিল, 'জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫' জারির ভিত্তি জুলাই গণ-অভ্যুত্থান এবং জনগণের গাঠনিক ক্ষমতা। তবে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ গত ৩১ মার্চ সংসদে 'জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫'-কে অন্তর্বর্তী সরকারের 'অন্তহীন প্রতারণার দলিল' ও 'জাতীয় প্রতারণা' আখ্যায়িত করেন। তিনি বলেন, "এই আদেশের কোনো আইনি বৈধতা নেই এবং এটি সূচনা থেকেই অবৈধ।" ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন, অর্থাৎ গত ১২ ফেব্রুয়ারি জুলাই জাতীয় সনদের সংবিধান সম্পর্কিত প্রস্তাবগুলো বাস্তবায়নের লক্ষ্যে গণভোট অনুষ্ঠিত হয়। এতে 'হ্যাঁ' পক্ষ জয়ী হয়েছে। তবে বি এনপির সংসদ সদস্যরা গণভোট অনুযায়ী সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি। জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টিসহ (এনসিপি) ১১-দলীয় নির্বাচনি ঐক্যের সংসদ সদস্যরা সংবিধান সংস্কার পরিষদের শপথ নিয়েছেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ রুবাইয়া)

## যুক্তরাষ্ট্র ও ইরান কোন কোন বিষয়ে সমঝোতায় পৌঁছাতে চাচ্ছে

লেবাননে ইসরায়েলের আক্রমণ বন্ধের দাবি ছাড়াও আরো কয়েকটি ইস্যু নিয়ে পাকিস্তানে ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে শান্তি আলোচনায় উত্তাপ ছড়াতে পারে। এগুলোর মধ্যে রয়েছে নিষেধাজ্ঞা শিথিল, হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ এবং ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে দীর্ঘদিন ধরে চলা বিরোধ। তেহরান চায়, ওয়াশিংটন ইরানের উপর আরোপ করা অর্থনৈতিক নিষেধাজ্ঞা প্রত্যাহার করুক। মার্কিন যুক্তরাষ্ট্র এ ব্যাপারে ইতিবাচক মনোভাব দেখিয়েছে। তবে এটি নির্ভর করছে ইরান নিজেদের পারমাণবিক কর্মসূচি এবং দূরপাল্লার ক্ষেপণাস্ত্র কর্মসূচির মতো ইস্যুতে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রস্তাবে কতটা সাড়া দেবে তার উপর। হরমুজ প্রণালিতে নিজেদের কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে চায় ইরান, যাতে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ এই জলপথ ব্যবহারকারীদের কাছ থেকে 'ট্রানজিট ফি' আদায় করতে পারে দেশ টি। তবে ওয়াশিংটন চায়, প্রণালিটি আন্তর্জাতিক জাহাজ চলাচলের জন্য পুরোপুরি উন্মুক্ত থাকুক।
পারস্য উপসাগরীয় অঞ্চলে সামরিক শক্তির সামঞ্জস্য ইস্যুতে ওয়াশিংটন এবং তেহরানের দ্বিমত রয়েছে। ইরান চায়, সংশ্লিষ্ট অঞ্চল থেকে সব মার্কিন সেনা প্রত্যাহার করে নিক যুক্তরাষ্ট্র এবং ভবিষ্যতে আক্রমণ না করার প্রতিশ্রুতি দিক। তবে শান্তি চুক্তি না হওয়া অবধি ইরানের আশেপাশে মার্কিন সেনা উপস্থিতি অব্যাহত রাখতে চান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল চায়, ইরান নিজেদের পরমাণু সমৃদ্ধকরণ কর্মসূচির ইতি টানুক এবং ক্ষেপণাস্ত্রের মজুত নাটকীয়ভাবে কমিয়ে আনুক। তবে ইরান পরমাণু কর্মসূচি চালিয়ে যেতে চায় এবং ক্ষেপণাস্ত্র কমানোর প্রস্তাব নাকচ করে দিয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ রুবাইয়া)

## কুষ্টিয়ায় 'ধর্ম অবমাননার' অভিযোগে পিটিয়ে ও কুপিয়ে হত্যা

বাংলাদেশের কুষ্টিয়ায় ধর্ম অবমাননার অভিযোগ তুলে আস্তানায় হামলা চালিয়ে শামীম রেজা ওরফে জাহাঙ্গীর নামের কথিত এক পীরকে বেধড়ক পিটিয়ে ও কুপিয়ে হত্যা করা হয়েছে। এ সময় আস্তানা ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। স্থানীয় সময় শনিবার দুপুরে ফিলিপনগর গ্রামে এ ঘটনা ঘটে। কুষ্টিয়ার পুলিশ সুপার মোহাম্মদ জসীম উদ্দীন বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, "সামাজিক যোগাযোগমাধ্যমে ওই ব্যক্তির একটি ভিডিও ছড়িয়ে পড়ে, তাতে ইসলাম ধর্ম নিয়ে আপত্তিকর বক্তব্য দেওয়া রয়েছে। কিন্তু ভিডিওটি অনেক আগের। ভিডিওটি সম্প্রতি ছড়িয়ে পড়ায় এলাকার মানুষ সেখানে হা মলা চালায়। ওই ব্যক্তিকে পুলিশ উদ্ধার করলেও, বিক্ষুব্ধ জনতার তুলনায় পুলিশ কম ছিল। এ জন্য নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। তাকে পিটিয়ে মেরে ফেলেছে।" শামীম রেজা এর আগে ঢাকায় পড়াশোনা শেষ করে শিক্ষকতা পেশায় যুক্ত ছিলেন। পরে এলাকায় ফিরে এসে একটি আস্তানা গড়ে তোলেন। ২০২১ সালের মে মাসে 'ধর্মীয় অনুভূতিতে' আঘাতসহ বিভিন্ন অভিযোগে তার বিরুদ্ধে মামলা হয়েছিল। তখন পুলিশ তাকে গ্রেফতার করে কারাগারে পাঠায়। দীর্ঘদিন কারাভোগের পর মুক্তি পেয়ে তিনি আবার একই ধরনের কর্মকাণ্ড শুরু করেছেন বলে অভিযোগ রয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৪. ২০২৬ রুবাইয়া)

## পাকিস্তানের মাধ্যমে আলোচনায় মার্কিন যুক্তরাষ্ট্র ইরান

মধ্যপ্রাচ্যে সংঘাত নিরসনে শনিবার পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে শান্তি আলোচনায় অংশ নিতে হাজির মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের জ্যেষ্ঠ কর্মকর্তারা। ছয় সপ্তাহ ধরে চলা এই সংঘাতে ইতোমধ্যে প্রাণ গে ছে কয়েক হাজার মানুষের আর ক্ষতির শিকার বৈশ্বিক জ্বালানি বাজার, যার প্রভাব পড়ছে অর্থনীতিতে। ডয়চে ভেলের সূত্র অনুযায়ী, দুইপক্ষের মধ্যে আলাদা আলাদাভাবে আলোচনা শুরু হয়েছে। একদিকে, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করছেন পাকিস্তানি মধ্যস্থতাকারীরা, অন্যদিকে ইরানের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করছেন পাকিস্তানি মধ্যস্থতাকারীরা। এসব আলোচনায় উল্লেখযোগ্য অগ্রগতি হলে তিনপক্ষ একত্রে বৈঠক শুরু করতে পারে। ইসলামাবাদের কূটনীতিকরা জানিয়েছেন যে, তারা বিবদমান দুইপক্ষকে একত্রে আলোচনায় বসাতে সম্ভাব্য সব চেষ্টা করবেন, তবে আলোচনার কাঠামো কী হবে, তা চূড়ান্ত করবে তেহরান ও ওয়াশিংটন। উল্লেখ্য, ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সাময়িক

যুদ্ধবিরতির উপর হুমকি হিসেবে দেখা দিয়েছে লেবাননে ইসরায়েলের অব্যাহত হামলা। ইরান যুদ্ধবিরতির মধ্যে লেবাননকেও অন্তর্ভুক্ত করার দাবি করেছে। তবে এই বিষয়ে এখনো কোনো দৃশ্যমান অগ্রগতি হয়নি যদিও ইসলামাবাদ এই ব্যাপারে সমাধান পাবে বলে আশাবাদী। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৪.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### শিশুদের ভালোবাসায় সিক্ত প্রধানমন্ত্রীর পরিবার

শিশুতোষ নাটক 'কবি চিতাবাঘ' উপভোগ শেষে রাজধানীর বেইলি রোডের নাটকপাড়ায় উপস্থিত শিশুদের সঙ্গে হৃদয়গ্রাহী শুভেচ্ছা বিনিময় করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান ও তার পরিবারের সদস্যরা। শনিবার (১১ এপ্রিল) সন্ধ্যায় তিনি পরিবারের সদস্যদের নিয়ে নাটকটি উপভোগ করতে সেখানে যান। নাটক শেষে প্রধানমন্ত্রী নিজে ঘুরে ঘুরে শিশুদের সঙ্গে হ্যান্ডশেক করেন। এসময় শিশুদের মধ্যে অনেকে তাকে 'স্যার' সম্বোধন করে সালাম দেন। প্রধানমন্ত্রীও আন্তরিকভাবে সালামের জবাব দিয়ে শিশুদের সঙ্গে কুশল বিনিময় করেন। পরে শিশুদের আবদারে তিনি হাসিমুখে থেমে গিয়ে একে একে সবার সঙ্গে ছবি তোলেন। শুধু শিশু নয়, উপস্থিত অভিভাবকরাও তার সঙ্গে ছবি তোলার সুযোগ পান। জনসমাগমের মধ্যেও তিনি ধৈর্য ও আন্তরিকতার সঙ্গে সবার অনুরোধ গ্রহণ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

### নববর্ষ উপলক্ষ্যে গণমাধ্যমকর্মীদের শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী

বাংলা নববর্ষ উপলক্ষ্যে দেশের গণমাধ্যমকর্মীদের জন্য শুভেচ্ছা কার্ড পাঠিয়েছেন প্রধানমন্ত্রী। ঐতিহ্য ও নান্দনিকতায় সমৃদ্ধ এই কার্ডে তিনি নতুন বছরের প্রত্যাশা ও অঙ্গীকার তুলে ধরেছেন। শুভেচ্ছা বার্তায় প্রধানমন্ত্রী বলেন, ঐতিহ্য ও নান্দনিকতায় সমৃদ্ধ প্রত্যাশা স্বনির্ভর বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে হোক বাংলার নববর্ষ বরণ। বার্তার শেষে বাংলা নববর্ষকে স্বাগত জানিয়ে তিনি লেখেন, স্বাগত বাংলা নববর্ষ ১৪৩৩। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

### ক্ষমতার স্বাদ পেয়ে বিএনপি জনগণের রক্তের কথা ভুলে গেছে: নাহিদ ইসলাম

ক্ষমতার স্বাদ পেয়ে বিএনপি জনগণের রক্তের কথা ভুলে গেছে বলে অভিযোগ করেছেন, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। শনিবার (১১ এপ্রিল) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে শ্রমিক কল্যাণ ফেডারেশনের ত্রি-বার্ষিক জাতীয় সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ অভিযোগ করেন। নাহিদ বলেন, দেশের জাতীয় ইতিহাসে আমরা বারবার দেখেছি, শ্রমিকরা রক্ত দিয়েছেন, জীবন দিয়েছেন। ১৯৪৭-এর আজাদির লড়াই থেকে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ এবং দেশে যত গণ-অভ্যুত্থান হয়েছে, এমনকি চব্বিশের গণ-অভ্যুত্থানে যারা জীবন দিয়েছেন, তাদের অধিকাংশই শ্রমজীবী মানুষ। তিনি বলেন, শ্রমজীবী মানুষের রক্তের ওপর দিয়ে ক্ষমতায় আসা বিএনপি এক মাসের মাথায় জনগণের সঙ্গে প্রতারণা করেছে। নতুন যে সরকার গঠিত হয়েছে, তারা শ্রমিকদের রক্তের ওপর ক্ষমতায় বসেছে। কিন্তু এক মাসের মাথায় তারা নতুন বাংলাদেশের সঙ্গে বেঈমানি করেছে। গণভোটের গণনায় বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছে। এই সরকার গণবিরোধী সরকার। ক্ষমতার স্বাদ পেয়ে বিএনপি জনগণের রক্তের কথা ভুলে গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

### জনগণের অধিকার আদায়ে একচুলও ছাড় নয়: শফিকুর রহমান

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, সরকার জনগণকে দেওয়া অঙ্গীকার লঙ্ঘন করেছে। জনগণের অধিকার আদায়ে একচুলও ছাড় নয়। সংসদের ভেতরে ও বাইরে প্রতিবাদ জারি রাখা হবে। শনিবার (১১ এপ্রিল) বিকেলে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নির্বাচনি সহিংসতায় আহত শেরপুরের শ্রীবরদী উপজেলা জামায়াতের সেক্রেটারিকে দেখার পর সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। ডা. শফিকুর রহমান বলেন, সংসদে ওয়াকআউট করেছি, আপনারা দেখেছেন। এগুলো আমাদের দলীয় কোনো বিষয়? এটা জনগণের জীবনের সঙ্গে, জনগণের জীবনের নিরাপত্তার সঙ্গে সম্পর্কিত। এই যে পুলিশের সদস্যরা আছেন, তারাও তাদের নিজস্ব বিভাগে সুবিচার পান না। সেগুলো নিয়েও কথা বলতে চেয়েছিলাম। আমাদের কথা বলতে দেওয়া হয়নি। আমরা এ কথা থামাবো না। সংসদের ভেতরেও বলবো, বাইরেও বলবো। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

### অবৈধভাবে ৫০ হাজার লিটার তেল মজুত, জরিমানা সাড়ে ৩ লাখ টাকা

দেশব্যাপী ভোজ্যতেলের কৃত্রিম সংকট ঠেকাতে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) ব্যাপক অভিযান চালিয়েছে। শুক্রবার বিভিন্ন জেলায় মোবাইল কোর্টের অভিযানে প্রায় ৫০ হাজার লিটার অবৈধ মজুত জ্বালানি ও ভোজ্যতেল জব্দ করা হয়েছে। এসময় অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিয়ে মোট ৩ লাখ ৬১ হাজার ২০০ টাকা জরিমানা করা হয়েছে। শনিবার (১১ এপ্রিল) দুপুরে র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী এসব তথ্য জানান। তিনি বলেন, বাজারে অস্থিরতা তৈরি করে কৃত্রিম সংকট সৃষ্টি রোধে সংস্থাটি গোয়েন্দা নজরদারি জোরদার করেছে। এর অংশ হিসেবে দেশের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মজুতদার ও কালোবাজারিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকটে সাইকেলের বিক্রিতে ইতিবাচক হাওয়া

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে দেশে সৃষ্ট হওয়া জ্বালানি সংকটের প্রভাবে সাইকেলের বাজারে ইতিবাচক হাওয়া বইছে। বিক্রেতারা বলছেন, সাইকেলের বিক্রি ৫ শতাংশ পর্যন্ত বেড়েছে। রমজান ও ঈদুল ফিতরের সময় থেকেই সাইকেল বিক্রি কিছুটা বাড়তির দিকে। এখনও সেই ধারা অব্যাহত রয়েছে। তবে কোনো কোনো বিক্রেতা বলছেন, ক্রেতা নেই। এখনও অলস সময় পার করছেন। জ্বালানি সংকটের কারণে বিক্রি যেভাবে বাড়ার প্রত্যাশা করা হয়েছিল, সে তুলনায় বিক্রি বাড়েনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## এসএসসি পরীক্ষায় লোডশেডিং রোধে বিশেষ চিঠি দেবেন শিক্ষামন্ত্রী

আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষা চলাকালে যেন লোডশেডিং না হয়, সেজন্য বিদ্যুৎ বিভাগকে বিশেষ চিঠি দেবেন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি জানান, পরীক্ষা চলাকালে যেন সারা দেশে কোনো লোডশেডিং না হয়, সেজন্য বিদ্যুৎ বিভাগকে বিশেষ চিঠি দেবো। আশা করি, লোডশেডিংয়ের ভোগান্তি থেকে পরীক্ষার্থীরা মুক্তি পাবে। শনিবার (১১ এপ্রিল) দুপুরে রাজশাহী মেডিকেল কলেজের (রামেক) অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। এহছানুল হক মিলন বলেন, পরীক্ষার সময় বিদ্যুৎ ছিল না বলে সিসিটিভি ক্যামেরা বন্ধ হয়ে গিয়েছিল, এটা বললে কিন্তু বুঝবো ডাল মে কুচ কালা হ্যায়। ক্যামেরা অফ করা চলবে না। এখানে যে সমস্যা হবে, তাদের যৌক্তিক কারণ দেখাতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## সৈয়দপুর বিমানবন্দরে হঠাৎ অসুস্থ ত্রাণমন্ত্রী

নীলফামারীর সৈয়দপুর বিমানবন্দরে হঠাৎ অসুস্থ হয়ে পড়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু। উন্নত চিকিৎসার জন্য তাকে এয়ার অ্যাম্বুলেন্সে ঢাকায় নেওয়ার প্রস্তুতি চলছে। শনিবার (১১ এপ্রিল) দুপুরে বিষয়টি নিশ্চিত করেন সৈয়দপুর রাজনৈতিক জেলা বিএনপির সভাপতি আব্দুর গফুর সরকার। জানা গেছে, নিজ জেলা লালমনিরহাটে দুই দিনের সফরে যাওয়ার উদ্দেশ্যে সকালে ঢাকা থেকে বিমানযোগে সৈয়দপুরে পৌঁছান মন্ত্রী। বিমানবন্দরের রেস্টরুমে অবস্থানকালে নেতা-কর্মীদের সঙ্গে কথা বলার সময় হঠাৎ মাথা ঘোরা ও অস্বস্তি অনুভব করেন তিনি। তাৎক্ষণিকভাবে তাকে সৈয়দপুর সেনানিবাসের সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) নেওয়া হয়। সেখানে চিকিৎসকরা প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## সুপ্রিম কোর্ট বার নির্বাচন ঘিরে সরব সম্ভাব্য প্রার্থীরা

দেশের সর্বোচ্চ আদালতে আইন পেশায় নিয়োজিতদের সংগঠন, বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি বা বার অ্যাসোসিয়েশনের কার্যকরী কমিটির নির্বাচন হতে যাচ্ছে আগামী ১৩ ও ১৪ মে। এতে সভাপতি-সম্পাদকসহ মোট ১৪ পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন আগ্রহী প্রার্থীরা। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ২০২৬-২৭ মেয়াদের কার্যকরী কমিটির এ নির্বাচনের জন্য সমিতি প্রাথমিকভাবে ভোটের দিন ঠিক করলেও, এখনো তফশিল ঘোষণা করা হয়নি। সেই সঙ্গে ভোট পরিচালনায় গঠিত হয়নি নির্বাচন কমিশন। তারপরও কোন দলের সমর্থন নিয়ে কারা কোন প্যানেলের প্রার্থী হচ্ছেন, তা নিয়ে চলছে নানা আলোচনা। দেশে সম্প্রতি নতুন সরকার গঠিত হওয়ায় এর হাওয়া আলোচনার পালে নতুন গতি দিয়েছে। সুপ্রিম কোর্ট বারের ভারপ্রাপ্ত সম্পাদক মো. মাহফুজুর রহমান মিলন জাগো নিউজকে বলেন, বর্তমানে আদালতে অবকাশ চলছে। তা শেষে খোলা হলেই নির্বাচনের তফশিল ঘোষণা করা হতে পারে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## আমদানি থেকে খুচরা পুরো চেইনকে সমন্বিত ডিজিটাল মডেলের আওতায় আনা হবে

বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, বাজার স্থিতিশীল রাখতে সরকার সরবরাহ ব্যবস্থাকে আধুনিকায়নের উদ্যোগ নিয়েছে। আমদানি থেকে খুচরা বিক্রয় পর্যন্ত পুরো সাপ্লাই চেইনকে একটি সমন্বিত ডিজিটাল মডেলের আওতায় আনা হবে, যাতে বাজার তদারকি সহজ হয় এবং কোনো ধরনের কারসাজি দ্রুত শনাক্ত করা যায়। শনিবার (১১ এপ্রিল) সকালে নগরীর টিলাগড় পয়েন্ট সংলগ্ন এলাকায় প্রথমবারের মতো সরকারি ব্যবস্থাপনায় ‘কৃষকের হাট’ উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে ভারসাম্য বজায় রাখতে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) কার্যক্রম আরও জোরদার করা হবে। টিসিবির মাধ্যমে অধিক পরিমাণে পণ্য আমদানি করে বাজারে একটি কার্যকর ‘কাউন্টার ব্যালেন্স’ তৈরি করা হবে। কৃষিখাতের উন্নয়নে সেচ ব্যবস্থার সম্প্রসারণ এবং খাল পুনঃখননের ওপর গুরুত্বারোপ করে মন্ত্রী বলেন, সরকারের নতুন উদ্যোগ বাস্তবায়িত হলে কৃষি উৎপাদন বাড়বে এবং ভবিষ্যতে দেশের বাজার আরও স্থিতিশীল হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম শপিং কমপ্লেক্সে আগুন, দেড় ঘণ্টার চেষ্টায় নিয়ন্ত্রণে

চট্টগ্রাম নগরীর ২ নম্বর গেট সংলগ্ন শপিং কমপ্লেক্সে আগুন লাগার ঘটনা ঘটেছে। শনিবার (১১ এপ্রিল) সকালে আগুন লাগার খবর পাওয়া যায়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পরে প্রায় দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে ফায়ার সার্ভিস। ফায়ার সার্ভিসের চট্টগ্রাম নিয়ন্ত্রণ কক্ষ থেকে

জানানো হয়েছে, সকাল ৯টা ৪০ মিনিটে আগুন লাগার খবর পেয়ে দুই স্টেশনের পাঁচটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## চাঁদাবাজদের 'নিরপেক্ষ তালিকা' করছে র্যাব, শিগ্‌গির অভিযান

দেশজুড়ে চাঁদাবাজদের একটি নিরপেক্ষ তালিকা তৈরি করছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। তালিকা প্রস্তুত শেষে এতে থাকা সব অপরাধীর বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে সংস্থাটি। শনিবার (১১ এপ্রিল) দুপুরে কারওয়ান বাজার র্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী। র্যাবের এই কর্মকর্তা বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে চাঁদাবাজদের একটি 'আনবায়াসড' তালিকা তৈরির কাজ শুরু হয়েছে। র্যাবের ১৫টি ব্যাটালিয়ন এরই মধ্যে মাঠ পর্যায়ে কাজ শুরু করেছে এবং গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে। যারাই তালিকায় থাকবে, তাদের কাউকেই ছাড় দেওয়া হবে না। তালিকায় রাজনৈতিক ব্যক্তিরা থাকলে কী হবে- এমন প্রশ্নের জবাবে উইং কমান্ডার ইন্তেখাব চৌধুরী বলেন, তালিকা হবে সম্পূর্ণ নিরপেক্ষ। কোনো ধরনের পক্ষপাতিত্ব থাকবে না। যে অপরাধী, তার বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## বগুড়া-শেরপুরে ভোটগ্রহণ শেষের আগেই গণনা শুরু : এএফইডির পর্যবেক্ষণ

শেরপুর-৩ আসনে নির্বাচন ও বগুড়া-৬ আসনের উপ-নির্বাচনে কয়েকটি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ শেষ হওয়ার আগেই গণনা শুরুর ঘটনা ঘটেছে। নির্বাচন পর্যবেক্ষক সংস্থা অ্যালায়েন্স ফর ফেয়ার ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসির (এএফইডি) পর্যবেক্ষণে এমন চিত্র উঠে এসেছে। সংস্থাটির পর্যবেক্ষণ প্রতিবেদনে বলা হয়েছে, যদিও অধিকাংশ কেন্দ্রে নির্ধারিত নিয়ম মেনে ভোটগ্রহণ শেষে গণনা শুরু হয়, তবে কিছু ব্যতিক্রমী ক্ষেত্রে সরকারি সময়সীমা পূর্ণ হওয়ার আগেই ব্যালট গণনা শুরু করা হয়। শনিবার (১১ এপ্রিল) এক সংবাদ সম্মেলন করে এই পর্যবেক্ষণ তথ্য তুলে ধরা হয়। ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে পরিচালিত এই পর্যবেক্ষণে এএফইডি ৫৩ জন পর্যবেক্ষক মোতায়েন করে। যার মধ্যে ৩০ জন ছিলেন বগুড়া-৬ আসনে এবং ২৩ জন শেরপুর-৩ আসনে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## চিকিৎসকের কাছে যুবদল পরিচয়ে চাঁদা দাবি, দ্রুত গ্রেফতারের আশ্বাস

মহামারি করোনাকালীন সময়ে চিকিৎসা সেবায় সুনাম অর্জনকারী মানবিক ডাক্তার হিসেবে পরিচিত, সিকেডি ইউরোলজি হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক অধ্যাপক ডা. কামরুল ইসলামের কাছে যুবদলের পরিচয়ে চাঁদার দাবিতে হুমকির অভিযোগ উঠেছে স্থানীয় এক নেতা মঈন উদ্দিনের বিরুদ্ধে। এ সংক্রান্ত একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হলে নড়েচড়ে বসেছে দলটির কেন্দ্রীয় নেতারা। তারা ঘটনায় জড়িত মো. মঈন উদ্দিন মঈনসহ চাঁদাবাজ চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন। অধ্যাপক ডা. কামরুল ইসলাম বলেন, কিছুদিন আগে শ্যামলীর চার নাম্বার রোডের একজন যুবদলকর্মী হিসেবে পরিচয় দিয়ে বেশ ভয়-ভীতি দেখায়। বলে যে, আমি কমিশনার প্রার্থী, আরও অনেক কিছু বলে এবং প্রভাব বিস্তার করে। যুবদলকর্মী হিসেবে পরিচয় দেয়। বলে, ৫ লাখ টাকা দিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## ৫ আগস্টের পর থেকেই ডিস্টার্ব করতেন যুবদল নেতা মঈন উদ্দিন: ডা. কামরুল

রাজধানীর শ্যামলীতে অবস্থিত সিকেডি অ্যান্ড ইউরোলজি হাসপাতালে রাজনৈতিক পরিচয়ে চাঁদাবাজির অপচেষ্টা ও 'মব' তৈরির অভিযোগ উঠেছে। এ ঘটনায় দ্রুত রাজনৈতিক পদক্ষেপ গ্রহণ করায় সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন হাসপাতাল কর্তৃপক্ষ। শনিবার (১১ এপ্রিল) হাসপাতালে আয়োজিত এক সংবাদ সম্মেলনে অধ্যাপক ডা. কামরুল ইসলাম বলেন, "৫ আগস্টের পর থেকেই মঈন উদ্দিন (যুবদল নেতা) বিভিন্ন ধরনের মালামাল সরবরাহের কাজ চাইছিলেন। এ নিয়ে নানা সময়ে ডিস্টার্ব করতেন। এমনকি আমার অজ্ঞাতসারে ডিম ও চালও সরবরাহ করতেন। কিন্তু আমরা লক্ষ্য করি, বাজার দরের চেয়ে প্রতি কেজিতে অন্তত ১০ টাকা বেশি নেওয়া হচ্ছে। আমাদের তো এটি কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান নয় যে, এত বেশি দামে কিনবো। তখন আমরাই সরাসরি বাজার থেকে আনার সিদ্ধান্ত নিই।" তিনি বলেন, এই অনিয়ম বন্ধ করা হলে তিনি ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং ১০ এপ্রিল, শুক্রবার সকাল ৯টা ৪৫ মিনিটে হাসপাতালে এসে 'মব' তৈরির চেষ্টা করেন ও কুরুচিপূর্ণ স্লোগান দিয়ে আতঙ্ক সৃষ্টি করেন।" এছাড়া এর আগে, গত ২৯ মার্চও তিনি হাসপাতালে এসে কর্মচারীদের হুমকি দেন এবং উত্তেজনাপূর্ণ পরিস্থিতি সৃষ্টি করেন। এ ঘটনায় ৩০ মার্চ শের-ই-বাংলা নগর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি নং-২২৬৬) করা হয়েছে।"
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## হাম ও হামের উপসর্গে দুইজনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে দুইজনের মৃত্যু হয়েছে। একই সময় নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৮০ জন। এছাড়া সন্দেহজনক হামে আক্রান্ত হয়ে ৮৮৮ জন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। শনিবার (১১ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এসব তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে দুইজনের মৃত্যু হয়েছে।

এছাড়া, ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ২৪ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ১৪৫ জন। এছাড়া ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন দুই হাজার ৪৮৯ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ১৪ হাজার ৩৮৫ জন। ভর্তি হয়েছে ৯ হাজার ৪৬৩ জন এবং সুস্থ হয়েছে ৭ হাজার ২২ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## তেল আছে শুধু সংসদে, বাংলাদেশে নেই: জামায়াত আমির

দেশের এনার্জি সেক্টরে এখন হাহাকার চলছে বলে মন্তব্য করেছেন, জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, "তেল আছে শুধু সংসদে, বাংলাদেশে নাই। সংসদে সরকারি দলের মন্ত্রী-সংসদ সদস্যরা কথা বললে মনে হয়, দেশ তেলের ওপর ভাসছে, শুধু কিছু অসৎ, চোরচোট্টা মানুষের কারণে আমরা সমস্যায় পড়ে গেছি।" দেশে বড়ো যত সিন্ডিকেট তৈরি হয়, তার সবগুলোর পেছনে সরকারি দলের হাত থাকে। অতীতের মতো বর্তমানেও এটি সত্য বলে মন্তব্য করেন তিনি। শনিবার (১১ এপ্রিল) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট অব বাংলাদেশ (কেআইবি) মিলনায়তনে এক সেমিনারে তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## বিচার বিভাগ নিয়ে অধ্যাদেশ বাতিলের ফল ভালো হবে না: মাসদার হোসেন

বিচারক নিয়োগ অধ্যাদেশ ও সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ বাতিলের ফল ভালো হবে না বলে মন্তব্য করেছেন বিচার বিভাগ পৃথকীকরণ মামলার বাদী মাসদার হোসেন। শনিবার (১১ এপ্রিল) জাতীয় প্রেস ক্লাবে এ দুটি অধ্যাদেশ নিয়ে আয়োজিত এক মুক্ত আলোচনায় তিনি এ মন্তব্য করেন। মাসদার হোসেন বলেন, "ক্ষমতা আছে বলে কলমের খোঁচায় এতগুলো বিষয় মসনদে বসে বাতিল করে দিচ্ছেন। এই মুহূর্তে 'হ্যাঁ', 'না' ভোট করুন, জরিপ করুন- ৯৯ শতাংশ মানুষ আপনাদের কাজের বিরুদ্ধে মত দেবে। যেগুলো হচ্ছে, তা বিচার বিভাগকে পদদলিত করার শামিল। গুম হয়ে যারা মৃত্যুর প্রহর গুনছিলেন, তারা আজ সংসদ সদস্য।ত্র দরে জিজ্ঞেস করে গুমেরে সংজ্ঞা ঠিক করুন।"
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## কুষ্টিয়ায় কথিত পীরকে পিটিয়ে হত্যা, আস্তানায় ভাঙচুর-অগ্নিসংযোগ

কুষ্টিয়ার দৌলতপুরে পবিত্র কোরআন শরিফ নিয়ে আপত্তিকর ও অবমাননাকর মন্তব্য করার অভিযোগে শামীম রেজা ওরফে জাহাঙ্গীর (৫২) নামে কথিত এক পীরকে পিটিয়ে হত্যা করেছে বিক্ষুব্ধ এলাকাবাসী। এসময় কথিত ওই পীরের আস্তানাও ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। শনিবার (১১ এপ্রিল) দুপুরে উপজেলার ফিলিপনগর এলাকায় অবস্থিত তার নিজ দরবার শরিফে এ ঘটনা ঘটে। হামলায় শামীমের আরও দুই অনুসারী গুরুতর আহত হয়েছেন। নিহত শামীম ফিলিপনগর এলাকার সামসুল ইসলামের ছেলে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## শাহ আমানতে দুবাই ফেরত যাত্রীর ব্যাগেজে মিললো ২০০ কার্টন সিগারেট

চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে দুবাই থেকে আসা এক যাত্রীর ব্যাগেজ তল্লাশি করে ২০০ কার্টন সিগারেট জব্দ করেছে কাস্টমস কর্তৃপক্ষ। শনিবার (১১ এপ্রিল) সকাল ৯টা ৪০ মিনিটে এ অভিযান চালানো হয়। বিমানবন্দর সূত্র জানায়, গোপন তথ্যের ভিত্তিতে কাস্টমস শাখা ও কাস্টমস ইন্টেলিজেন্স যৌথভাবে ফ্লাই দুবাইয়ের এফজেড-৫৬৩ ফ্লাইটের এক যাত্রীর লাগেজ তল্লাশি করে বিপুল পরিমাণ সিগারেট জব্দ করে। আটক যাত্রীর নাম তৌহিদুল ইসলাম আরাফাত। তিনি চট্টগ্রামের চান্দনাইশ উপজেলার জাফরাবাদ এলাকার বাসিন্দা। কাস্টমস কর্মকর্তারা জানান, জব্দ করা সিগারেটের ওপর প্রায় ৮ লাখ ২০ হাজার টাকা রাজস্ব আদায় করা হয়েছে। জব্দ করা পণ্য চট্টগ্রাম কাস্টমস হাউসের হেফাজতে রাখা হয়েছে। তবে আটক যাত্রীকে মৌখিকভাবে সতর্ক করে ছেড়ে দেওয়া হয়েছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## জিয়া সরণি খাল পুনরুদ্ধারে ডিএসসিসির বড়ো উদ্যোগ

ঢাকার অন্যতম গুরুত্বপূর্ণ 'জিয়া সরণি খাল' পুনরুদ্ধার ও পানিপ্রবাহ সচল করার কাজ পুরোদমে শুরু হয়েছে। শনিবার (১১ এপ্রিল) খালের বর্তমান অবস্থা ও পরিষ্কার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম ও ডিএসসিসি প্রশাসক মো. আবদুস সালাম। পরিদর্শনকালে ডিএসসিসি প্রশাসক মো. আবদুস সালাম বলেন, জলাবদ্ধতা নিরসন ও জনভোগান্তি দূর করতে আমরা এই খালটি চলাচলের উপযোগী ও পানিপ্রবাহ সচল করার কাজ শুরু করেছি। বর্তমানে পানিপ্রবাহের দিক পরিবর্তন করে বুড়িগঙ্গা নদীর সঙ্গে সংযুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়েছে, যাতে দ্রুততম সময়ে পানি নিষ্কাশন সম্ভব হয়। এই প্রকৌশলগত পরিবর্তনের ফলে নিষ্কাশন পথ কমে আসবে এবং এলাকার জলাবদ্ধতা স্থায়ীভাবে দূর হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## ইসরায়েলি হামলায় বাংলাদেশি নারীর মৃত্যুতে ফিলিস্তিনের নিন্দা

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধে ইসরায়েলি হামলায় লেবাননে বাংলাদেশি এক নারীর মৃত্যুর ঘটনায় নিন্দা ও গভীর শোক জানিয়েছে ঢাকার ফিলিস্তিন দূতাবাস। শনিবার (১১ এপ্রিল) ঢাকার ফিলিস্তিন দূতাবাস দিপালী বেগমের মৃত্যুর ঘটনায় তার পরিবার ও প্রিয়জনদের প্রতি গভীর সমবেদনা জানায়। ফিলিস্তিন দূতাবাস বলছে, এসব হামলার ফলে নিরীহ বেসামরিক মানুষের প্রাণহানি আন্তর্জাতিক আইনের মারাত্মক লঙ্ঘন। ফিলিস্তিন রাষ্ট্র এই ক্ষতিতে বাংলাদেশের

জনগণের পাশে দৃঢ় সংহতি প্রকাশ করছে। একইসঙ্গে, বেসামরিক নাগরিকদের সুরক্ষা নিশ্চিত করতে এবং এই অপরাধের জন্য দায়ীদের জবাবদিহিতার আওতায় আনতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জা নিয়েছে দূতাবাস। ইসরায়েলি হামলায় লেবাননে দিপালী বেগম নিহত হন। তার বা ড়ি ফরিদপুর। গত বুধবার (৮ এপ্রিল) রাতে চিকিৎসাধীন অবস্থায় লেবাননের এক হাসপাতালে তার মৃত্যু হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## মঈন খানের বাসায় যুক্তরাষ্ট্র ও ভারতসহ ৭ দেশের রাষ্ট্রদূতের নৈশভোজ

ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন ও তার সহধর্মিণীর সম্মানে নৈশভোজের আয়োজন করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড . আবদুল মঈন খান। শনিবার (১১ এপ্রিল) দুপুরে বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পেজে তথ্য জানানো হয়। এর আগে , গতকাল শুক্রবার রাজধানীর গুলশানে মঈন খানের বাসভবনে এ নৈশভোজ অনুষ্ঠিত হয়। এতে যুক্তরাষ্ট্র ও ভারতসহ সাত দেশের রাষ্ট্রদূত অংশ নেন। বিএনপি মিডিয়া সেল জানায়, মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের পলিটিক্যাল কাউ ন্সিলারও উপস্থিত ছিলেন। ব্রেন্ট ক্রিস্টে নসেন চলতি বছরের জানুয়ারিতে বাংলাদেশে মার্কিন রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। কূটনৈতিক এ আয়োজনে যুক্তরাষ্ট্র , ভারত, জাপান, নেপাল, ইতালি ও নরওয়ের রাষ্ট্রদূত এবং ব্রিটিশ হাইকমিশনারসহ কয়েক দেশের প্রতিনিধিরা অংশ নেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## শহিদ পরিবারের অনুরোধে ৭২ ঘণ্টা পর অনশন ভাঙলেন শিক্ষার্থীরা

জুলাই সনদ ও গণভোটের রায় বাস্তবায়নসহ তিন দফা দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রাজু ভাস্কর্যের পাদদেশে আমরণ অনশনে বসা শিক্ষার্থীরা ৭২ ঘণ্টা পার হওয়ার পর অনশন ভেঙেছেন। সরকার বা বিরোধীদল , কোনো পক্ষ থেকেই নির্দিষ্ট আশ্বাস না পাওয়ায়, শেষ পর্যন্ত জুলাই আন্দোলনের শহিদ পরিবারের সদস্যদের অনুরোধে তারা অনশন প্রত্যাহার করেন। শনিবার (১১ এপ্রিল) বিকেল ৩টার দিকে শ হিদ ফারহান ফাইয়াজ, শহিদ সাইদুল ইসলাম, শহিদ জাবের ও শহিদ সৈকতের বাবাসহ জুলাই শ হিদ পরিবারের সদস্যরা উ পস্থিত হয়ে বৃহত্তর আন্দোলনের আশ্বাস দেন। পরে তারা ডাবের পানি পান করিয়ে অনশন ভাঙান। অনশন ভাঙার পর শিক্ষার্থীদের শারীরিক অবস্থার অবনতি হওয়ায়, তাদের দ্রুত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নেওয়া হয়। এই অনশনে অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্প র্ক বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো . সাদিক মুনওয়ার মুনেম , সমাজবিজ্ঞান বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের সাকিবুর রহমান এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের মিডিয়া , কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম বিভাগের শিক্ষার্থী শেখ মোস্তাফিজ। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## প্রাথমিক শনাক্তকরণে বাঁচতে পারে৯০ শতাংশ রোগী : মেয়র ডা. শাহাদাত

কলোরেক্টাল ক্যানসার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করা গেলে প্রায় ৯০ শতাংশ ক্ষেত্রে সুস্থ হওয়ার সম্ভাবনা থাকে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন। 'কলোরেক্টাল ক্যানসার সচেতনতা মাস' পালন নিয়ে শনিবার (১১ এপ্রিল) সিটি করপোরেশনের সম্মেলন কক্ষে আয়োজিত সমাপনী সংবাদ সম্মেলনে মেয়র এ তথ্য জানান। তিনি বলেন , এ রোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি ও নিয়মিত স্ক্রিনিংয়ের কোনো বিকল্প নেই। শাহাদাত হোসেন জানান, বিশ্বব্যাপী মার্চ মাস কলোরেক্টাল ক্যানসার সচেতনতা মাস হিসেবে পালিত হয়। এ উপলক্ষ্যে 'প্রাথমিক পর্যায়ে ক্যানসার শনাক্তকরণ জীবন বাঁচায় ' প্রতিপাদ্য নিয়ে চট্টগ্রাম সিটি করপোরেশন , সিএসসিআর হাসপাতাল ও পিজিএস অ্যাকাডেমির যৌথ উদ্যোগে মাসজুড়ে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম ও স্ক্রিনিং ক র্মসূচি পরিচালিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## লিগ্যাল এইডে ২ লাখেরও বেশি মামলার নিষ্পত্তি

জাতীয় আইনগত সহায়তা সংস্থার (লিগ্যাল এইড) মাধ্যমে মোট ২ লাখ ৩৩ হাজার ৬৫৫টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। সংস্থাটির ওয়েবসাইটে প্রকাশিত এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়। প্রতিবেদনে ২০০৯ সাল থেকে ২০২৬ সালের মার্চ পর্যন্ত লিগ্যাল এইডের কার্যক্রম তুলে ধরা হয়েছে। প্রতিবেদনে বলা হয়, নিষ্পত্তিকৃত মামলার মধ্যে সুপ্রিম কোর্ট লিগ্যাল এইড অফিসের মাধ্যমে ২ হাজার ৩৩২টি, দেশের ৬৪টি জেলা লিগ্যাল এইড অফিসের মাধ্যমে ২ লাখ ৩০ হাজার ৫০৩টি এবং ঢাকা ও চট্টগ্রামের শ্রমিক আইনগত সহায়তা সেলের মাধ্যমে ৮২০টি মামলার নিষ্পত্তি হয়েছে। আরও বলা হয় , একই সময়ে সরকারি খরচে ১৪ লাখ ৩৭ হাজার ৭৩৬ জনকে আইনি সহায়তা দেওয়া হয়েছে। জাতীয় আইনগত সহায়তা প্রদান আইন অনুযায়ী সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের হা ইকোর্ট ও আপিল বিভাগ, দেশের সব নিম্ন আদালত, শ্রম আদালত এবং কারাগারে থাকা অসচ্ছল বন্দিদের এ সেবা দেওয়া হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## ৪৩ দিনেই সরকারের ব্যাংকঋণ ৪১ হাজার কোটি টাকা

গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে শেখ হাসিনার সরকারের পতনের পর , একটি ভঙ্গুর অবস্থায় দেশের দায়িত্ব নেন ড . মুহাম্মদ ইউনূস। তার ওপর মানুষের প্রত্যাশা ছিল নাজেহাল অর্থনৈতিক অবস্থা থেকে দেশকে একটি শক্ত ভিত্তিতে দাঁড় করিয়ে দেবেন। তবে নানান কারণে সেই প্রত্যাশা বাস্তবে রূপ নেয়নি। ঋণে জর্জরিত অবস্থা থেকেই বিদায় নিয়েছে ড . মুহাম্মদ ইউনূসের অ ন্তর্বর্তী সরকার। এরপর বহুল আকাঙ্ক্ষিত নির্বাচনের মধ্যদিয়ে ক্ষমতায় আসে বিএনপি।

ঋণনির্ভরতার সেই পথই পেয়েছে তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকার। ক্ষমতায় আসার মাত্র দেড় মাস বা ৪৩ দিনের মধ্যেই নতুন সরকার ব্যাংক খাত থেকে ঋণ নিয়েছে প্রায় ৪১ হাজার কোটি টাকা। ড. ইউনূসের শেষদিকের কিছু সময় আর নতুন সরকারের সময় মিলে সর্বশেষ তিন মাসে এই ঋণের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৫৬ হাজার কোটি টাকায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## ভারত থেকে পাইপলাইনে এলো আরও৮ হাজার টন ডিজেল

বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইনের মাধ্যমে ভারত থেকে আরও ৮ হাজার টন ডিজেল দেশে আনা এসেছে। ভারতের আসামে অবস্থিত নুমালীগড় রিফাইনারিজ লিমিটেড কেন্দ্র থেকে পাঠানো এই জ্বালানি দিনাজপুরের পার্বতীপুর রেলহেড অয়েল ডিপোর রিসিপ্ট টার্মিনালে পৌঁছেছে। শনিবার (১১ এপ্রিল) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন এই কার্যক্রমের দায়িত্বে থাকা মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ব্যবস্থাপক (অপারেশনস) কাজী মো. রবিউল আলম। রবিউল আলম বলেন, শুক্রবার দিবাগত রাতে ৮ হাজার টন ডিজেল গ্রহণের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আগামী ১৭ এপ্রিল এই পাইপলাইনের মাধ্যমে আরও ৫ হাজার টন ডিজেল আনার প্রস্তুতি চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## দোষীদের শাস্তিসহ ৪ দাবি ইন্টার্ন চিকিৎসকদের

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে কর্মরত ইন্টার্ন চিকিৎসক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় দোষীদের শাস্তিসহ চার দফা দাবি জানিয়েছেন ইন্টার্ন চিকিৎসকরা। শনিবার (১১ এপ্রিল) দুপুর আড়াইটার দিকে হাসপাতালের পরিচালক বরাবর এ দাবি পেশ করে ঢামেক ইন্টার্ন ডক্টরস সোসাইটি (আইডিএস)। এর আগে, বেলা সাড়ে ১১টার দিকে ঢাকা মেডিকেল কলেজের শহিদ ডা. মিলন চত্বর থেকে হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল বের করা হয়। ঢামেক আইডিএসের সাধারণ সম্পাদক নাবিল বিন কাশেম বলেন, “আমাদের দাবিগুলো হলো - জড়িত ঢাবি শিক্ষার্থীদের দ্রুত শনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া, কর্মক্ষেত্রে চিকিৎসকদের নিরাপত্তা নিশ্চিত করা, সুষ্ঠু তদন্তের মাধ্যমে ঘটনার নিরপেক্ষ বিচার করা ও স্বাস্থ্য সুরক্ষা আইন প্রণয়ন করে সব স্বাস্থ্যকর্মীর নিরাপত্তা নিশ্চিত করা। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## চিকিৎসক কামরুলের কাছে চাঁদাবাজি, অভিযুক্তদের বিচার দাবি জামায়াত আমিরের

অধ্যাপক ডা. কামরুল ইসলামের কাছে চাঁদা চাওয়া ব্যক্তিদের বিচার দাবি করেছেন জামায়াতে ইসলামীর আমির বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। শনিবার (১১ এপ্রিল) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে দেওয়া এক পোস্টে তিনি এ দাবি করেন। শফিকুর রহমান বলেন, “অধ্যাপক ডা. কামরুল ইসলাম দেশের শুধু একজন বিশেষজ্ঞ চিকিৎসকই নন, তিনি অসহায় ও গরিবের বন্ধু মানবিক ডাক্তার হিসেবে সর্বমহলে পরিচিত ও প্রশংসিত। দীর্ঘদিন ধরে একটি অশুভ চাঁদাবাজ চক্র রাজনৈতিক খুঁটির জোরে তার কাছে চাঁদা চেয়ে আসছিল। তিনি অবৈধ চাঁদা দিতে বরাবরই অপারগতা প্রকাশ করেন। শেষ পর্যন্ত চাঁদাবাজরা এমন একজন জ্যেষ্ঠ, প্রথিতযশা, মানবিক চিকিৎসককেও সম্মান দেখাতে ব্যর্থ হলো। তার সঙ্গে গর্হিত আচরণ করলো।”
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## ‘জুলাই সনদ বাস্তবায়ন না হলে রাজপথেই সমাধান’

সরকার সংসদে ‘জুলাই সনদ’ বাস্তবায়নের উদ্যোগ না নিলে, রাজপথেই এর সমাধান হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন বাংলাদেশ খেলাফত মজলিশ চট্টগ্রাম মহানগর সভাপতি মওলানা এমদাদ উল্লাহ সোহাইল। শনিবার (১১ এপ্রিল) বিকেলে নগরের আন্দরকিল্লা শাহী জামে মসজিদের উত্তর গেটে ১১ দলীয় ঐক্যের উদ্যোগে আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। মওলানা এমদাদ উল্লাহ সোহাইল বলেন, গত ১২ ফেব্রুয়ারি একই দিনে অনুষ্ঠিত দুটি নির্বাচনের মধ্যে একটি বৈধ ও অন্যটি অবৈধ বলার মাধ্যমে বিএনপি দ্বিচারিতা করছে। এতে জনগণের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। তিনি বলেন, গণভোটে ৭০ শতাংশ মানুষের সমর্থন পাওয়া সিদ্ধান্ত বাস্তবায়নে সরকার কার্যকর উদ্যোগ না নেওয়ায়, জনগণকে রাজপথে নামতে হচ্ছে। সংসদে উদ্যোগ না নিলে আন্দোলনের মাধ্যমেই তা বাস্তবায়ন করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে আরও ১ জনের হাম শনাক্ত, হাসপাতালে ভর্তি ২১

চট্টগ্রামে নতুন করে একজনের শরীরে হামের সংক্রমণ শনাক্ত হয়েছে। একই সময়ে হামের উপসর্গ নিয়ে আরও ২১ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। শনিবার (১১ এপ্রিল) চট্টগ্রাম জেলা সিভিল সার্জন কার্যালয় থেকে প্রকাশিত সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, নতুন শনাক্ত রোগী উপজেলার বাসিন্দা। এ নিয়ে জেলায় মোট নিশ্চিত হামে আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৩৫ জনে। এর মধ্যে ২৪ জন মহানগর এলাকার এবং ১১ জন বিভিন্ন উপজেলার বাসিন্দা। এদিকে, গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ভর্তি হওয়া ২১ জন রোগীই চট্টগ্রাম মহানগর এলাকার বাসিন্দা। সব মিলিয়ে এখন পর্যন্ত জেলায় মোট ৮০ জন রোগী উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## টিকাদান কর্মসূচিতে ছেদ পড়ায় হামের প্রাদুর্ভাব ঘটেছেঃ স্বাস্থ্যসচিব

টিকাদান কর্মসূচিতে গত চার বছর কিছুটা ছেদ পড়ায় , দেশে এখন হামের প্রাদুর্ভাব ঘটেছে। তবে বর্তমানে পরিস্থিতি মোকাবিলায় সরকার কার্যকর পদ ক্ষেপ নিচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্যসচিব মো . কামরুজ্জামান চৌধুরী। শনিবার (১১ এপ্রিল) বিশ্ব পারকিনসন দিবস উপলক্ষ্যে ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস অ্যান্ড হাসপাতাল আয়োজিত এক সেমিনারে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যসচিব জানান , রোববার (১২ এপ্রিল) থেকে ঢাকা উত্তর ও দক্ষিণ, চট্টগ্রাম, ময়মনসিংহ এবং বরিশাল সিটি করপোরেশনে হামের টিকাদান কার্যক্রম শুরু হবে। দেশে হামের টিকার কোনো ঘাটতি নেই উল্লেখ করে কামরুজ্জামান চৌধুরী বলেন, গবেষক ও পরামর্শক দলের সুপারিশ অনুযায়ী, ছয় মাস থেকে ৫৯ মাস বয়সি সব শিশুকে টিকার আওতায় আনা হ ছে। হামের বর্তমান পরিস্থিতি নিয়ে তিনি বলেন , “গত সরকারের সময় টিকাদান কর্মসূচিতে বিঘ্ন ঘটায় বর্তমানে দেশব্যাপী হামের প্রভাব বেড়েছে। নিয়মিত টিকাদান কার্যক্রম অব্যাহত থাকলে এ পরিস্থিতির সৃষ্টি হতো না।” (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## হত্যা মামলায় সাবেক এমপি মাসুদ উদ্দিন ৪ দিনের রিমান্ডে

রাজধানীর মিরপুরে বৈষম্যবিরোধী আন্দোলনের সময় এক ব্যক্তিকে গুলি করে হত্যার অভিযোগে করা মামলায় , জাতীয় পার্টির সাবেক সংসদ সদস্য ও অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরীর আরও ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। শনিবার (১১ এপ্রিল) ৪ দিনের রিমান্ড শেষে তাকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে পুলিশ। পরে মামলার তদন্ত কর্মকর্তা সুষ্ঠু তদন্তের স্বার্থে তাকে পুনরায় সাতদিনের রিমান্ডে নেওয়ার আবেদন করেন। শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো . ইসমাইল ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেন। মামলা সূত্রে জানা যায়, ২০২৪ সালের ১৯ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের সময় মিরপুর-১০ নম্বর এলাকার ফলপট্টিতে অবস্থান করছিলেন দেলোয়ার হোসেন (৪০)। সে সময় আন্দোলন দমনে আওয়ামী লীগের অঙ্গসংগঠনের কয়েকশ নেতা-কর্মী দেশীয় ও আগ্নেয়া স্ত্র নিয়ে সেখানে উপস্থিত হয়ে গুলিবর্ষণ করে বলে অভিযোগ রয়েছে। এতে দেলোয়ার হোসেন গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

## ভুয়া পরিচয়পত্র বানিয়ে গুলশানে বাড়ি দখলের চেষ্টা ঠাঁই হলো কারাগারে

ভুয়া জাতীয় পরিচয়পত্র (এনআইডি) তৈরি করে রাজ ধানীর গুলশানে বাড়ি দখলের চেষ্টার অভিযোগে করা মামলায় প্রতারক চক্রের হোতা মো . হানিফ হাওলাদার ওরফে আব্দুল আজিজ খান আদালতে স্বেচ্ছায় দোষ স্বীকার করে জবানবন্দি দিয়েছেন। আদালত জবানবন্দি নিয়ে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন। গুলশান থানার পুলিশ শনিবার (১১ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. মঞ্জুরুল ইসলামের আদালতে হানিফ হাওলাদারকে হাজির করে। এসময় আসামি স্বেচ্ছায় নিজের অপরাধ স্বীকার করে জবানবন্দি দিতে আগ্রহ প্রকাশ করেন। পরে মামলার তদন্ত কর্মকর্তা গুলশান থানার উপ -পরিদর্শক (এসআই) মাহাবুব হোসাইন ফৌজদারি কা র্যবিধির ১৬৪ ধারায় জবানবন্দি রেকর্ডের আবেদন করলে আদালত তা মঞ্জুর করেন। আদালত ও সংশ্লিষ্ট সূত্র জানায় , জবানবন্দিতে হানিফ হাওলাদার জানান, তিনি গুলশান-১ এলাকার ১২৭ নম্বর সড়কের ১৫ নম্বর বাড়িটি দখলের উদ্দেশ্যে আব্দুল আজিজ খান নামের একটি ভুয়া জাতীয় পরিচয়পত্র তৈ রি করেন। পরিকল্পনা অনুযায়ী, গত ১৯ মার্চ সহযোগীদের নিয়ে তিনি ওই বাড়িতে প্রবেশ করে হামলা চালান। এ ঘটনায় শুক্রবার রাতে অভিযান চালিয়ে হানিফ হাওলাদারকে গ্রেফতার করে পুলিশ। তার বিরুদ্ধে ভুয়া পরিচয়ে সম্পত্তি দখল চেষ্টাসহ একাধিক প্রতারণার অভিযোগ রয়েছে। একই ঘটনায় এ র আগে চক্রের আরেক সদস্য মো. ইউসুফকে গ্রেফতার করে দুইদিনের রিমান্ডে নেওয়া হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৪.২০২৬ রিহাব)

# BBC

## TRUMP HAS HANDED JD VANCE HIS MOST DIFFICULT MISSION YET

In the middle of an Easter lunch at the White House, President Donald Trump went off script to address speculation about JD Vance's role in securing a deal to end the war in Iran. "If it doesn't happen, I'm blaming JD Vance," Trump joked, drawing laughter at last week's East Room event attended by senior administration officials including the vice-president, Secretary of State Marco Rubio, and Defence Secretary Pete Hegseth. And "if it does happen," Trump added, "I'm taking full credit." The remarks perfectly captured Vance's predicament as he leads a US delegation holding talks with Iran in Pakistan. It is the most challenging assignment of Vance's vice-presidency so far - one with a limited upside and plenty to lose if negotiations fail. Vance's diplomatic mission to Islamabad is a political minefield. To make progress in reaching a permanent agreement to end the war, he will have to satisfy several stakeholders with competing interests, and who all distrust each other after a six-week military campaign that has engulfed the Middle East and roiled the global economy. (BBC Web page : 11.04.2026 Ali Ahmed)

**ARTEMIS CREW HOME SAFELY AFTER COMPLETING HISTORIC MISSION TO THE MOON**

The four astronauts who flew in Nasa's Artemis II mission around the Moon have splashed down safely in the Pacific Ocean after a flawless return. The crew are now safely aboard a waiting ship and recovering from a nine-day voyage that took them further from Earth than any humans in history. Their Orion spacecraft was travelling at more than 24,000mph (38,600km/h) when it hit the Earth's upper atmosphere and its heatshield was subjected to temperatures half as hot as found on the surface of the Sun. Their safe return clears the way for the next stage of the Artemis programme, which aims to land humans on the lunar surface and eventually build a permanent base on the Moon. The extreme heat meant the capsule, which the astronauts named Integrity, lost contact with mission control in Houston for six minutes during the descent. There were cheers when Commander Reid Wiseman's voice was heard saying: "Houston, Integrity here. We hear you loud and clear."
(BBC Web page : 11.04.2026 Ali Ahmed)

**MELANIA TRUMP'S SPEECH PROPELS EPSTEIN CRISIS BACK TO FOREFRONT**

As Melania Trump walked up to the White House podium on Thursday, standing where US President Donald Trump had just over a week ago made his address to the nation on Iran, there was absolutely no indication that this would be a jaw-dropping appearance. There was curiosity, yes, but no one guessed it would be must-see viewing. Not even those most plugged into the administration had any forewarning of the topic, according to officials. Flanked by US flags, her first sentence jolted those listening. "The lies linking me with the disgraceful Jeffrey Epstein need to end today." With those words, the Epstein crisis that had plagued the president was once again front and centre thanks to his wife. Immediately, US cable channels broke away from their coverage on Iran, given the gravity of what was unfolding. The first lady has always maintained a relatively low profile, strategically selecting her few public events. She hardly shares the same flair for the dramatic - or the desire to shock and awe the press - as her husband.(BBC Web page : 11.04.2026 Ali Ahmed)

**TRUMP ADMINISTRATION UNVEILS 250-FOOT 'TRIUMPHAL ARCH' DESIGN**

The White House has unveiled renderings for a 250ft (76m) arch that Donald Trump wants to have built in the US capital. The new monument, nicknamed the "Arc de Trump" in homage to its Parisian inspiration, will be "the GREATEST and MOST BEAUTIFUL Triumphal Arch, anywhere in the World", the US president said on social media on Friday. The administration said it has officially filed the plans with the Commission of Fine Arts, a panel made up of Trump allies, which will review the proposal next week. The arch is just one of Trump's controversial projects to give Washington DC a makeover in his signature style, with his plans for a White House ballroom currently caught up in a legal battle.
(BBC Web page : 11.04.2026 Ali Ahmed)

**MURDER ARREST OVER PRIMROSE HILL STABBING**

A 27-year-old man has been arrested on suspicion of murder following the death of Finbar Sullivan who was stabbed to death in Primrose Hill. Officers were called to reports of a fight at the north London beauty spot on Tuesday where the 21-year-old filmmaking student was found fatally injured. He died at the scene. The Met Police said a 25-year-old man had also been arrested on suspicion of assisting an offender. The two men were held on Friday and remain in police custody. Chris Sullivan, Finbar's father, has paid tribute to his son, calling him "exceptional" and someone who had a bright future ahead of him. Police had been called to Primrose Hill shortly after 18:30 BST. A second man, aged in his 20s, was also discovered with stab injuries by officers on nearby Regent's Park Road.
(BBC Web page : 11.04.2026 Ali Ahmed)

**UK SHELVES CHAGOS DEAL AFTER TRUMP OPPOSITION**

Sir Keir Starmer has shelved his Chagos Islands deal amid worsening relations with Donald Trump after the US failed to formally confirm its approval. Trump had urged Starmer to scrap the deal despite earlier expressing support for the treaty. In January the president called the plan an "act of total weakness". UK government officials have said they are not entirely abandoning the agreement - which would hand sovereignty of the British territory to Mauritius - but have run out of time to pass legislation before Parliament is prorogued in the coming weeks. However, a new Chagos bill is not expected to feature in the King's Speech in mid-May. It is understood the UK has still not received a formal exchange of letters from

the US - a legal necessity required for the treaty to be enacted. The Chagos Islands - officially known as the British Indian Ocean Territory - are located in the Indian Ocean and Britain has controlled them since the early 19th Century.
(BBC Web page : 11.04.2026 Ali Ahmed)

**EU AIRLINE INDUSTRY WARNS OF FUEL SHORTAGES IF STRAIT OF HORMUZ STAYS CLOSED**

Europe could see jet fuel shortages if the Strait of Hormuz does not reopen in the next three weeks, the trade body for European airports has warned. The Gulf is a major source of aviation fuel, accounting for about 50% of Europe's imports. Airports Council International (ACI) Europe said its members had "increasing concerns" about the availability of jet fuel, particularly with the approach of the summer tourism season. It warned smaller airports are particularly vulnerable. A government spokesperson said: "UK airlines have not reported any disruption to supplies and have confirmed that they continue to operate as normal."
(BBC Web page : 11.04.2026 Ali Ahmed)

## :: THE END ::